Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

# ১৭তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা - ২০২২ (স্কুল পর্যায় - ২)

**১) দুটি তল পরস্পরকে ছেদ করলে কী উৎপন্ন হয়?**

ক) বিন্দু　　খ) রেখা

গ) স্থান　　ঘ) রশ্মি

সঠিক উত্তরঃ খ) রেখা

- দুইটি তল পরস্পরকে ছেদ করলে ছেদস্থলে একটি রেখা (Line) উৎপন্ন হয়।

- রেখার শুধু দৈর্ঘ্য আছে, প্রস্থ ও উচ্চতা নাই। কাজেই রেখা একমাত্রিক (One-dimensional)।

- বাক্সের একটি পৃষ্ঠতলের প্রস্থ ক্রমশ হ্রাস পেয়ে সম্পূর্ণ শূন্য হলে, ঐ তলের একটি রেখা শুধু অবশিষ্ট থাকে।

**২) $51^{\circ}$ কোণের সম্পূরক কোণের এক-তৃতীয়াংশ কত?**

ক) $43^{\circ}$　　খ) $86^{\circ}$

গ) $129^{\circ}$　　ঘ) $153^{\circ}$

সঠিক উত্তরঃ ক) $43^{\circ}$

দুইটি কোণের সমষ্টি $180^{\circ}$ হলো, কোন দুইটির একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

$51^{\circ}$ কোণের সম্পূরক কোণ $= (180 - 51)^{\circ} = 129^{\circ}$

$129^{\circ}$ এক-তৃতীয়াংশ $= 129^{\circ}/3 = 43^{\circ}$

**৩) রম্বসের কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?**

ক) $45^{\circ}$　　খ) $90^{\circ}$

গ) $120^{\circ}$　　ঘ) $150^{\circ}$

সঠিক উত্তরঃ খ) $90^{\circ}$

রম্বস

- যে আয়তে চারটি বাহু সমান ও সমান্তরাল কিন্তু কর্ণ দুইটি অসমান তথা কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে।

- সামান্তরিকের সন্নিহিত বাহুদ্বয় সমান হলে তখন তা রম্বস হয়ে

- রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

- রম্বসের বিপরীত কোণগুলো পরস্পর সমান।

- রম্বসের কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ $90^{\circ}$

**8) $\Delta ABC$ এর $\angle A = x$, $\angle B = 2x$ এর $\angle C = 3x$ হলে ত্রিভুজটি কী ত্রিভুজ?**

ক) সূক্ষ্মকোণী ত্রিভুজ　　খ) স্থুলকোণী ত্রিভুজ

গ) সমকোণী ত্রিভুজ　　ঘ) সমদ্বিবাহু ত্রিভুজ

সঠিক উত্তরঃ গ) সমকোণী ত্রিভুজ

$\angle A = x$, $\angle B = 2x$ এর $\angle C = 3x$

আমরা জানি,

$\angle A + \angle B + \angle C = 180^{\circ}$

$x + 2x + 3x = 180^{\circ}$

$6x = 180^{\circ}$

$x = 30^{\circ}$

$\angle A = 30^{\circ}$, $\angle B = 60^{\circ}$ এর $\angle C = 90^{\circ}$

ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ

**৫) কোনো খাদ্য 24 জন লোকের 20 দিন চলে, ঐ একই পরিমান খাদ্যে 40 জন লোকের কত দিন চলবে?**

ক) 10　　খ) 12

গ) 14　　ঘ) 16

সঠিক উত্তরঃ খ) 12

24 জন লোকের খাদ্য আছে 20 দিনের

1 জন লোকের খাদ্য আছে 20 × 24 দিনের

40 জন লোকের খাদ্য আছে (20 × 24)/40 দিনের

= 12 দিনের

**৬) দুইটি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু যথাক্রমে ২ ও ৩৬০। একটি সংখ্যা ১০ হলে, অপর সংখ্যাটি কত?**

ক) ২৪　　খ) ৪৮

গ) ৬০　　ঘ) ৭২

সঠিক উত্তরঃ ঘ) ৭২

দুইটি সংখ্যার গ.সা.গু = ২, ল.সা.গু = ৩৬০ এবং একটি সংখ্যা = ১০

আমরা জানি,

গ.সা.গু × ল.সা.গু = ১ম সংখ্যা × ২য় সংখ্যা

বা, ২ × ৩৬০ = ১০ × ২য় সংখ্যা

∴ ২য় সংখ্যা = (২ × ৩৬০)/১০ = ৭২

**৭) বৃত্তের ব্যাস কতগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?**

ক) 3　　খ) 9

গ) 12　　ঘ) 16

সঠিক উত্তরঃ খ) 9

ধরি,

বৃত্তের ব্যাসার্ধ $r$

বৃত্তের ব্যাস $= 2r$

∴ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে বৃত্তের নতুন ব্যাস $= (2r + 6r) = 8r$

∴ ব্যাসার্ধ $= 8r/2 = 4r$

∴ ঐ বৃত্তের ক্ষেত্রফল হবে $\pi(4r)^2 = 16\pi r^2$

ক্ষেত্রফল বেড়ে যাবে $= 16\pi r^2 - \pi r^2 = 15\pi r^2$

∴ 15 গুণ বৃদ্ধি পাবে।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

ধরি,

বৃত্তের ব্যাসার্ধ r

বৃত্তের ব্যাস = 2r

∴বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2$

ব্যাস তিনগুণ বৃদ্ধি পেলে হবে 6r

∴ব্যাসার্ধ =6r/2 = 3r

∴ঐ বৃত্তের ক্ষেত্রফল হবে $\pi(3r)^2 = 9\pi r^2$

বৃত্তের ক্ষেত্রফল ৯ গুণ পাবে।

যেহেতু এটি জব সলিউশনের প্রশ্ন এবং অপশনে ১৫ গুণ ছিল না, তাই ৯ গুণকে সঠিক উত্তর হিসেবে নেওয়া হয়েছে।

**৮) নিচের কোন শর্তে $\log_a a = 1$ হবে?**

ক) $a > 0, a \neq 1$    খ) $a < 0, a \neq 1$

গ) $a > 1, a \neq 0$    ঘ) $a < 0, a \neq 0$

সঠিক উত্তরঃ ক) $a > 0, a \neq 1$

$\log_a a = 1$ হবে যখন $a > 0, a \neq 1$

**৯) $x^2 + 5x + 6$ এবং $x^2 + 3x + 2$ এর গ.সা.গু 12 হলে, x এর মান -**

ক) 6    খ) 8

গ) 10    ঘ) 12

সঠিক উত্তরঃ 10

১ম রাশি = $x^2 + 5x + 6$

$= x^2 + 2x + 3x + 6$

$= x(x + 2) + 3(x + 2)$

$= (x + 2)(x + 3)$

২য় রাশি = $x^2 + 3x + 2$

$= x^2 + 2x + x + 2$

$= x(x + 2) + 1(x + 2)$

$= (x + 2)(x + 1)$

গ.সা.গু = $(x + 2)$

$x + 2 = 12$

$x = 12 - 2 = 10$

**১০) $(1/2)x^2 - 3x + 4$ এর উৎপাদক কোনটি?**

ক) $(1/2)(x - 4)(x + 2)$    খ) $(1/2)(x + 4)(x - 2)$

গ) $(1/2)(x + 4)(x + 2)$    ঘ) $(1/2)(x - 4)(x - 2)$

সঠিক উত্তরঃ ঘ) $(1/2)(x - 4)(x - 2)$

$(1/2)x^2 - 3x + 4$

$= (1/2)(x^2 - 6x + 8)$

$= (1/2)(x^2 - 4x - 2x + 8)$

$= (1/2)\{(x(x - 4) - 2(x - 4)\}$

$= (1/2)(x - 4)(x - 2)$

**১১) $(x^2 + 1)^2 = 5x^2$ হলে $x - 1/x$ এর মান কোনটি?**

ক) $\sqrt{5}$    খ) 1

গ) $2\sqrt{2}$    ঘ) 8

সঠিক উত্তরঃ খ) 1

$(x^2 + 1)^2 = 5x^2$

$x^2 + 1 = \sqrt{5}x$

$x^2/x + 1/x = \sqrt{5}$

$x + 1/x = \sqrt{5}$

$(x - 1/x)^2 = (x + 1/x)^2 - 4x.1/x$

$(x - 1/x)^2 = (\sqrt{5})2 - 4$

$(x - 1/x)^2 = 5 - 4$

$(x - 1/x)^2 = 1$

$(x - 1/x) = 1$

**১২) $a/b + b/a = 1$ হলে, $a^3 + b^3$ এর মান কত?**

ক) 3    খ) 1

গ) 0    ঘ) -1

সঠিক উত্তরঃ গ) 0

দেয়া আছে,

$a/b + b/a = 1$

$(a^2 + b^2)/ab = 1$

$a^2 + b^2 = ab$

$a^2 - ab + b^2 = 0$

এখন,

$a^3 + b^3 = (a + b)(a^2 - ab + b^2)$

$= (a + b) \times 0$

$= 0$

**১৩) $(\sqrt{5})^{x+1} = (\sqrt[3]{5})^{2x-1}$ হলে, x = কত?**

ক) 2/5    খ) 1/3

গ) 3    ঘ) 5

সঠিক উত্তরঃ ঘ) 5

$(5^{1/2})^{x+1} = (5^{1/3})^{2x-1}$

$5^{(x+1)/2} = 5^{(2x-1)/3}$

$(x + 1)/2 = (2x - 1)/3$

$4x - 2 = 3x + 3$

$4x - 3x = 3 + 2$

$x = 5$

**১৪) $\log_x(1/16) = -2$ হলে, x এর মান কত?**

ক) 4 খ) 2

গ) – 2 ঘ) - 4

সঠিক উত্তরঃ ক) 4

$\log x(1/16) = -2$

বা, $x^{-2} = 1/16$

বা, $1/(x^2) = 1/16$

বা, $x^2 = 16$

বা, $x^2 = 4^2$

$\therefore x = 4$

**১৫) একজন ঘড়ি বিক্রেতা 1200 টাকা দিয়ে একটি ঘড়ি ক্রয় করেছেন। ঘড়িটি কত টাকায় বিক্রয় করলে তার (35/2)% লাভ হবে?**

ক) 1365 টাকা খ) 1375 টাকা

গ) 1395 টাকা ঘ) 1410 টাকা

সঠিক উত্তরঃ ঘ) 1410 টাকা

(35/2)% লাভে

ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য = 100 + (35/2) টাকা

= 235/2 টাকা

ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য =235/2 টাকা

ক্রয়মূল্য 1 টাকা হলে বিক্রয়মূল্য = 235/2 × 100 টাকা

ক্রয়মূল্য 1200 টাকা হলে বিক্রয়মূল্য = (235 × 1200)/(2 × 100) টাকা

= 1410 টাকা

**১৬) হীরার আয়ের ৩৫% হ্যাপীর আয়ের ২৫% এর সমান। তাদের আয়ের অনুপাত কত?**

ক) ৭ : ৫ খ) ৫ : ৭

গ) ৪ : ৩ ঘ) ৩ : ৪

সঠিক উত্তরঃ খ) ৫ : ৭

ধরি,

হীরার আয় ক% এবং হ্যাপীরআয় খ %

ক এর ৩৫%= খ এর ২৫%

বা,৩৫ক/১০০=২৫খ/১০০

বা,৩৫ক = ২৫খ

বা,ক/খ=২৫/৩৫

ক : খ = ৫ : ৭

**১৭) ১.৫ এবং ১৩.৫ এর সমানুপাতটি কত?**

ক) ২.৫ খ) ৩.২

গ) ৩.৬ ঘ) ৪.৫

সঠিক উত্তরঃ ঘ) ৪.৫

ক্রমিক সমানুপাতে,

(মধ্য রাশি)$^২$ = ১ম রাশি × ৩য় রাশি

বা, (মধ্য রাশি)$^২$ = ১.৫ × ১৩.৫

বা, মধ্য রাশি = √২০.২৫ =৪.৫

**১৮) $e^{2\ln x} = y$ হলে, y এর মান= কত?**

ক) lnx খ) ln2x

গ) $x^2$ ঘ) 2x

সঠিক উত্তরঃ গ) $x^2$

$e^{2\ln x} = y$

$_e\ln x^2 = y$

$x^2 = y$

$y = x^2$

**১৯) 6% হারে নয় মাসে 10,000 টাকার উপর মুনাফা-মূলধন কত হবে?**

ক) 10,500 টাকা খ) 10,450 টাকা

গ) 10,650 টাকা ঘ) 10,600 টাকা

সঠিক উত্তরঃ খ) 10,450 টাকা

আমরা জানি,

I = pnr

I = 10000 × (9/12) × 6/100

= 450 টাকা

মুনাফা-মূলধন = 10,000 + 450 = 10450 টাকা

**২০) ১০৫ থেকে ১৩৫ পর্যন্ত সংখ্যার মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?**

ক) ১১৯ খ) ১২০

গ) ১২১ ঘ) ১২৩

সঠিক উত্তরঃ ক) ১১৯

১০৫ থেকে ১৩৫ পর্যন্ত সংখ্যার মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যা ১৩১

১০৫ থেকে ১৩৫ পর্যন্ত সংখ্যার মধ্যবর্তী ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা ১০৭

∴ সংখ্যা দুইটির গড় = (১৩১ + ১০৭)/২ = ১১৯

**২১) যদি $(a/b)^{x-3} = (b/a)^{x-5}$ হয়, তবে x এর মান কত?**

ক) 3 খ) 4

গ) 5 ঘ) 8

সঠিক উত্তরঃ খ) 4

$(a/b)^{x-3} = (b/a)^{x-5}$

$(a/b)^{x-3} = (a/b)^{-(x-5)}$

$x - 3 = -x + 5$

$x + x = 5 + 3$

$2x = 8$

$x = 4$

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**২২) $x^2 - 2x - 1 = 0$ হলে, $x + 1/x$ = কত?**

ক) 4 খ) $4\sqrt{2}$

গ) $2\sqrt{2}$ ঘ) 8

সঠিক উত্তরঃ গ) $2\sqrt{2}$

$x^2 - 2x - 1 = 0$

$x^2 - 1 = 2x$

$x^2/x - 1/x = 2$

$x - 1/x = 2$

এখন

$(x + 1/x)^2 = (x - 1/x)^2 + 4\ x.1/x$

$(x + 1/x)^2 = 2^2 + 4$

$(x + 1/x)^2 = 4 + 4$

$(x + 1/x)^2 = 8$

$(x + 1/x) = \sqrt{8}$

$(x + 1/x) = \sqrt{4} \times 2$

$(x + 1/x) = 2\sqrt{2}$

**২৩) কতটি স্বতন্ত্র উপাত্ত জানা থাকলে নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায়?**

ক) 2 টি খ) 3 টি

গ) 4 টি ঘ) 5 টি

সঠিক উত্তরঃ ঘ) 5 টি

চতুর্ভুজের চারটি বাহু দেওয়া থাকলেই একটি নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায় না। নির্দিষ্ট চতুর্ভুজ আঁকার জন্য পাঁচটি স্বতন্ত্র উপাত্ত প্রয়োজন হয়। নিম্নে বর্ণিত পাঁচটি উপাত্ত জানা থাকলে, নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায়।

১. চারটি বাহু ও একটি কোণ
২. চারটি বাহু ও একটি কর্ণ
৩. তিনটি বাহু ও দুইটি কর্ণ
৪. তিনটি বাহু ও এদের অন্তর্ভুক্ত দুইটি কোণ
৫. দুইটি বাহু ও তিনটি কোণ।

**২৪) $x^2 - 4x + k = 0$ সমীকরণের মূলদ্বয় একটি অপরটির বিপরীত হলে k এর মান কত?**

ক) 1 খ) 0

গ) -1 ঘ) 2

সঠিক উত্তরঃ ক) 1

$x^2 - 4x + k = 0$ সমীকরণের মুলদ্বয় a ও 1/a

আমরা জানি,

$a(1/a)$ = ধ্রুবক পদ/$x^2$ এর সহগ

$1 = k/1$

$1 = k$

$k = 1$

**২৫) 15 টাকা 25 টাকার শতকরা কত?**

ক) 45% খ) 50%

গ) 60% ঘ) 75%

সঠিক উত্তরঃ গ) 60%

15 টাকা 25 টাকার শতকরা = $(15/25) \times 100\% = 60\ \%$

**২৬) বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ রয়েছে?**

ক) ৪৭ টি খ) ৪৮ টি

গ) ৪৯ টি ঘ) ৫০ টি

সঠিক উত্তরঃ ঘ) ৫০ টি

• বাংলা বর্ণমালায় মোট বর্ণ সংখ্যা ৫০টি।
- বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণের সংখ্যা ৩৯টি।
- বাংলা বর্ণমালায় স্বরবর্ণের সংখ্যা ১১টি।
- বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ সংখ্যা ৮টি।
- বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ সংখ্যা ১০টি।
- বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণের সংখ্যা ৩২টি।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

**২৭) ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-**

ক) সংক্ষেপণ খ) ভাবের বিনিময়

গ) বিশেষভাবে বিশ্লেষণ ঘ) মিলন

সঠিক উত্তরঃ গ) বিশেষভাবে বিশ্লেষণ

• ব্যাকরণ শব্দের বুৎপত্তিগত অর্থ - বিশেষভাবে বিশ্লেষণ।

আর ব্যবহারগত বা প্রকৃত অর্থ হলো - ভাষা প্রকৃতি ও প্রয়োগরীতি আলোচনা ও ব্যাখ্যা।

সুতরাং, বলা যায় - মনের ভাব প্রকাশের মাধ্যম হলো ভাষা, আর ভাষাকে শুদ্ধরূপে পড়তে, বুঝতে, লিখতে ও বলতে পারার নিয়মকে ব্যাকরণ বলে।

- ব্যাকরণ হলো ভাষার সংবিধান।
- ব্যাকরণ ভাষাকে বর্ণনা করে।
- ব্যাকরণ ভাষাকে নিয়ন্ত্রণ করে।
- ব্যাকরণ ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা সাধন/আবিষ্কার করে।
- ব্যাকরণ ভাষার সুনির্দিষ্ট গতিপথ নির্ধারণ করে দেয়।

উৎস: ভাষা শিক্ষা, ড. হায়াৎ মামুদ এবং নবম-দশম শ্রেণির 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি'।

**২৮) পুরুষ বা স্ত্রী নির্দেশক সূত্রকে ব্যাকরণে কী বলে?**

ক) বচন খ) লিঙ্গ

গ) বাক্য ঘ) বাগর্থ

সঠিক উত্তরঃ খ) লিঙ্গ

'লিঙ্গ' শব্দের অর্থ চিহ্ন।

- এটি সংস্কৃত শব্দ এবং এর ব্যুৎপত্তি হলো লিঙ্গ+অ = লিঙ্গ। লিঙ্গ শব্দের ভিন্ন অর্থ থাকলেও ব্যাকরণে এটি শব্দের শ্রেণিবিশেষ বোঝাতে ব্যবহৃত হয়।

- লিঙ্গের সংজ্ঞায় বলা হয়েছে— যে সকল শব্দ দ্বারা বিশেষ্য ও সর্বনাম পদের মধ্যে পুরুষ, স্ত্রী বা ভিন্ন জাতি বোঝায় তাকে লিঙ্গ বলে ।

লিঙ্গ পরিবর্তন বা লিঙ্গান্তরের নিয়ম

বাংলা ভাষার লিঙ্গান্তর নিম্নলিখিতভাবে হয়ে থাকে—

১) পুংলিঙ্গবাচক শব্দের শেষে প্রত্যয় যোগ করে।
২) স্ত্রীবাচক শব্দ আগে বা পরে বসিয়ে এবং
৩) ভিন্ন শব্দ ব্যবহারের মাধ্যমে।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**২৯) নিচের কোনটি তৎসম শব্দ?**

ক) চাঁদ খ) খোকা

গ) কাঠ ঘ) সন্ধ্যা

সঠিক উত্তরঃ ঘ) সন্ধ্যা

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

সন্ধ্যা (বিশেষ্য)

- সংস্কৃত বা তৎসম শব্দ।

অর্থ: দিন ও রাতের সন্ধিক্ষণ, রাত্রির আরম্ভ, সাঁঝ।

- যুগসন্ধি, যুগের অবসান ইত্যাদি।

অন্যদিকে,

চাঁদ = সংস্কৃত শব্দ চন্দ্র থেকে উদ্ভূত তদ্ভব শব্দ।

কাঠ = সংস্কৃত শব্দ কাষ্ঠ থেকে উদ্ভূত তদ্ভব শব্দ।

'খোকা' = তুর্কি ভাষা উৎস থেকে আগত।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩০) 'লোকটি ধনী কিন্তু কৃপণ'- কোন ধরনের বাক্য?**

ক) জটিল খ) যৌগিক

গ) সরল ঘ) মিশ্র

সঠিক উত্তরঃ খ) যৌগিক

• 'লোকটি ধনী কিন্তু কৃপণ' এটি যৌগিক বাক্যের উদাহরণ।

পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্যের সমন্বয়ে গঠিত বাক্যকে যৌগিক বাক্য বলে।

যৌগিক বাক্যের অন্তর্গত বাক্যগুলো কিন্তু, এবং, ও, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি ইত্যাদি অব্যয় যোগে সংযুক্ত থাকে।

আরো কিছু যৌগিক বাক্যের উদাহরণঃ

- বিপদ এবং দুঃখ এক সময় আসে।

- তিনি ধনী, কিন্তু দাতা নন।

- তার ভাই ঋণ করেছিলো, আর সে তা পরিশোধ করেছে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৩১) কোন বানানটি শুদ্ধ?**

ক) রূপায়ন খ) রুপায়ন

গ) রূপায়ণ ঘ) রুপায়ণ

সঠিক উত্তরঃ গ) রূপায়ণ

রূপায়ণ (বিশেষ্য)

- সংস্কৃত শব্দ

- প্রকৃতি প্রত্যয় = √রূপায়্+অন

অর্থ:

- মূর্তি বা আকার দান, রূপদান।

- বাস্তবে পরিণতকরণ।

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩২) চলিতরীতির প্রবর্তক কে?**

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) কাজী নজরুল ইসলাম

গ) প্রমথ চৌধুরী ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

সঠিক উত্তরঃ গ) প্রমথ চৌধুরী

• বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তক হলেন **প্রমথ চৌধুরী**।

- প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম ছিল বীরবল।

- 'বীরবলের হালখাতা' তাঁর প্রথম চলিত রীতিতে লিখিত গ্রন্থ।

- এটি ১৯০২ সালে প্রথম 'ভারতী' পত্রিকায় প্রকাশিত হয়।

- প্রমথ চৌধুরীর সম্পাদনায় প্রকাশিত সবুজপত্র পত্রিকা (১৯১৪) চলিত রীতি প্রবর্তনে মূল ভূমিকা পালন করে।

উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

**৩৩) 'পার হইয়া' এর চলিত রূপ কোনটি?**

ক) পার হয়ে খ) পারি হয়ে

গ) পার হইয়ে ঘ) পারিয়া

সঠিক উত্তরঃ ক) পার হয়ে

**সঠিক উত্তর হবে 'পেরিয়ে'**

সঠিক উত্তর না থাকায় উত্তরটি বাতিল করা হলো।

বাংলা ভাষার ৩টি রীতি রয়েছে।

যথা -

১. সাধু রীতি

২. চলিত রীতি

৩. আঞ্চলিক কথ্য রীতি বা উপভাষা

**১. সাধু রীতি:**

- সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।

- এই রীতি তৎসম শব্দ বহুল ও গুরুগম্ভীর। এটি শুধু লেখার ক্ষেত্রে ব্যবহার হয়।

- সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার জন্য অনুপযোগী।

- এই রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।

**২. চলিত রীতি:**

- চলিত রীতি পরিবর্তনশীল অর্থাৎ সময়ের প্রবাহের কারনের চলিত রীতি পরিবর্তিত রূপ লাভ করে।

- এই রীতি তদ্ভব শব্দবহুল। এছাড়াও এতে দেশি ও বিদেশি শব্দের প্রাধান্য রয়েছে।

- চলিতরীতির লৈখিক ও মৌখিক দুটি রূপই বিদ্যমান।

- এই রীতি সহজবোধ্য, সংক্ষিপ্ত। বক্তৃতা, সংলাপ ও আলাপ - আলোচনার জন্য উপযোগী।

সাধু ও চলিত রীতির কিছু উদাহরণ-

সাধু ------------ চলিত

দেন নি -------- দেননি

**পার হইয়া ----- পেরিয়ে**

পড়িল ---------- পড়ল/পড়লো

করিয়া ----------- করে

পূর্বেই আগেই। ইত্যাদি।

প্রমিত নিয়ম অনুসারে, **পার হইয়া** এর চলিত রূপ **পেরিয়ে** হলেও; অপশন বিবেচনায় সঠিক উত্তর হিসাবে এখানে **পার হয়ে** গ্রহণযোগ্য হবে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৩৪) Early rising is beneficial to health-এর সঠিক অনুবাদ কোনটি?**

ক) যারা সকালে ওঠে তাদের স্বাস্থ্য ভালো থাকে।

খ) সকালে জাগলে চমৎকার স্বাস্থ্য হয়।

গ) সকালে ওঠা স্বাস্থ্যবান ও প্রফুল্লতা দেয়।

ঘ) সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো।

সঠিক উত্তরঃ ঘ) সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Early rising is beneficial to health-এর সঠিক অনুবাদ = সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো।

**৩৫) Ad-hoc এর অর্থ কী?**

ক) তদর্থক খ) অস্থায়ী
গ) শপথপত্র ঘ) ক ও খ উভয়ই

সঠিক উত্তরঃ ঘ) ক ও খ উভয়ই

'Ad hoc' শব্দের পারিভাষিক শব্দ **'তদর্থক'**।

আবার

'তদর্থক' (বিশেষণ)

অর্থ:

- অস্থায়ী অর্থে ব্যবহৃত,
- বিশেষ উদ্দেশ্যে গঠিত; আপাতত কাজ চালানো যায় এমন।

উৎস: বাংলা একাডেমি প্রশাসনিক পরিভাষা অভিধান এবং আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৩৬) সন্ধির প্রধান সুবিধা কী?**

ক) পড়ার সুবিধা খ) লেখার সুবিধা
গ) উচ্চারণের সুবিধা ঘ) শোনার সুবিধা

সঠিক উত্তরঃ গ) উচ্চারণের সুবিধা

সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে।

- সন্ধির প্রধান উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণের সহজপ্রবণতা এবং ধ্বনিগত মাধুর্য সম্পাদন।
- সন্ধি শব্দ গঠনেরও একটি উপায়।
- **তবে সন্ধির প্রধান সুবিধা হলো উচ্চারণের সুবিধা।**

• সন্ধির কতিপয় উদ্দেশ্য:

- সন্ধি মাধ্যমে ধ্বনির মিলন হয়।
- নতুন শব্দ তৈরি করা হয়।
- উচ্চারণে সহজতা আসে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ) এবং ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

**৩৭) 'কৃষ্টি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক) কৃ+ক্তি খ) কৃষ+তি
গ) কৃঃ+তি ঘ) কৃষ+টি

সঠিক উত্তরঃ খ) কৃষ+তি

ষ- এর পর ত বা থ থাকলে, যথাক্রমে ত ও থ স্থানে ট ও ঠ হয়।

যেমন-

**কৃষ্ + তি = কৃষ্টি,**

ষষ্ + থ = ষষ্ঠ।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৩৮) 'ব্যর্থ শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

ক) ব্য+অর্থ খ) বি+অর্থ
গ) ব্যা+অর্থ ঘ) ব+অর্থ

সঠিক উত্তরঃ খ) বি+অর্থ

'ব্যর্থ শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ = বি+অর্থ।

ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে য বা য ( ্য) ফলা হয়। য- ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়।

যেমন -

ই + অ = য্ + অ অতি + অন্ত = অত্যন্ত
ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি
ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি
ই + ঊ = য্ + ঊ প্রতি + ঊষ = প্রত্যূষ
ঈ + অ =য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি, সংস্করণ-২০১৯।

**৩৯) 'দাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) √দা+তৃচ খ) √দাতৃ+আ
গ) √দা+তা ঘ) √দাতা+আ

সঠিক উত্তরঃ গ) √দা+তা

**দাতা (বিশেষ্য)**

- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = **√দা+তৃ**

অর্থ: যে ব্যক্তি দান করে।

কিন্তু, বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ) অনুসারে,

'দাতা' -এর প্রকৃতি প্রত্যয় = √দা+তৃচ = √দা+তৃ = √দা+তা

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি ও বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

**৪০) 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?**

ক) √মু+ক্ত খ) √মুক+ত
গ) √মুহ+ক্ত ঘ) √মুচ+ক্ত

সঠিক উত্তরঃ ঘ) √মুচ+ক্ত

'মুক্ত' (বিশেষ্য)

- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = √মুচ +ত

অর্থ:

- অব্যাহতিপ্রাপ্ত, নিষ্কৃতিপ্রাপ্ত, মোক্ষপ্রাপ্ত, আরোগ্যপ্রাপ্ত

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

'ক্তি' একটি সংস্কৃত কৃৎ প্রত্যয়। 'ক্তি' সংযুক্ত শব্দের শেষে যদি 'চ/জ' থাকে তা 'ক' হয়ে যায়।

যেমন:

√মুচ + ক্ত = মুক্ত

√ভজ্ + ক্ত = ভক্ত

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৪১) সমাস শব্দের অর্থ কী?**

ক) সংক্ষেপণ খ) সমন্বয়

গ) দুর্বোধ্য ঘ) ভাষান্তরকরণ

সঠিক উত্তরঃ ক) সংক্ষেপণ

'সমাস' শব্দের অর্থ সংক্ষেপ, মিলন ও একাধিক পদের একপদীকরণ। অর্থ সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি বড় শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে।

সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে।

উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি।

**৪২) 'চির অশান্তি' অর্থে কোন বাগধারাটি যথোপযুক্ত?**

ক) ভরাডুবি খ) রাবণের চিতা

গ) জগদ্দল পাথর ঘ) ঢাকের বায়া

সঠিক উত্তরঃ খ) রাবণের চিতা

কয়েকটি গুরুত্বপুর্ণ বাগধারা:

**রাবণের চিতা - চির অশান্তি/নিরন্তর দাহ।**

রাবণের গোষ্ঠী - বড় পরিবার।

শাপে বর - অনিষ্টে ইষ্ট লাভ।

শাঁখের করাত - উভয় সংকট।

অগস্ত্য যাত্রা - শেষ বিদায়।

অনন্ত শয্যা - শেষ শয্যা।

উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

**৪৩) 'গদাই লস্করি চাল' বাগধারাটির অর্থ কী?**

ক) তুচ্ছ পদার্থ খ) আলসেমি

গ) অন্ধ অনুকরণ ঘ) তুমুল কান্ড

সঠিক উত্তরঃ খ) আলসেমি

গদাই লস্করি চাল - অলস ভঙ্গি/আলসেমি।

কিছু গুরুত্বপূর্ণ বাগধারা ও এর অর্থ-

গোকুলের ষাঁড় - বাধাবন্ধনহীন

গো বৈদ্য - হাতুড়ে

গৌড়চন্দ্রিকা - ভূমিকা, সূচনা, অনুবন্ধ, প্রবর্তনা, প্রারম্ভ।

গোঁয়ার গোবিন্দ - কাণ্ডজ্ঞানহীন

গোঁজামিল - কোনমতে মেলানো

গলগ্রহ - পরের বোঝা স্বরূপ

উৎস: উচ্চমাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৪৪) 'গরুতে দুধ দেয়' বাক্যে 'গরুতে' কোন কারকে কোন বিভক্তি?**

ক) করণে সপ্তমী খ) কর্তৃকারকে সপ্তমী

গ) অপাদানে সপ্তমী ঘ) অধিকরণে সপ্তমী

সঠিক উত্তরঃ খ) কর্তৃকারকে সপ্তমী

'গরুতে দুধ দেয়' - বাক্যে কর্তৃকারকে/কর্তাকারকে ৭মী বিভক্তির প্রয়োগ ঘটেছে।

বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে, তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে।

ক্রিয়াকে 'কে/ কারা' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটিই কর্তৃকারক। (কর্মবাচ্য ও ভাববাচ্যের বাক্যে এই নিয়ম খাটবে না। সেক্ষেত্রে একটু সাবধানতা অবলম্বন করতে হবে।)

কর্তৃকারকে বিভক্তির প্রয়োগের উদাহরণ-

- পাখি সব করে রব = কর্তৃকারকে শূন্য বিভক্তির
- আমার দ্বারা এ কাজ হবে না সাধন = কর্তৃকারকে তৃতীয়া বিভক্তির
- পাছে লোকে কিছু বলে = কর্তৃকারকে ৭মী বিভক্তির
- বুলবুলিতে ধান খেয়েছে = কর্তৃকারকে ৭মী বিভক্তির
- ঘোড়ায় গাড়ি টানে = কর্তৃকারকে ৭মী বিভক্তির
- মানুষ ভাবে এক হয় আর এক = কর্তৃকারকে শূন্য বিভক্তির
- সবাইকে একদিন মরতে হবে = কর্তৃকারকে দ্বিতীয়া বিভক্তির।

উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

**৪৫) 'অহঙ্কার পতনের মূল' বাক্যে 'অহঙ্কার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক) কর্মে শূন্য খ) করণে শূন্য

গ) অপাদানে শূন্য ঘ) অধিকরণে শূন্য

সঠিক উত্তরঃ খ) করণে শূন্য

'অহঙ্কার পতনের মূল' বাক্যে 'অহঙ্কার' শব্দটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ।

• করণ কারক

- যার দ্বারা বা যার সাহায্যে ক্রিয়া সম্পাদিত হয় তাকে করণ কারক বলে।
- 'করণ' শব্দের অর্থ উপায় বা সহায়।
- বাক্যের ক্রিয়াপদকে 'কার দ্বারা বা কী উপায়ে জিজ্ঞাসা করলে যে উত্তর পাওয়া যায় তা-ই করণ কারক।

• করণ কারকে বিভক্তির ব্যবহার:

- করণ কারকে সাধারণত দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি তৃতীয়া বিভক্তির (অনুসর্গের) ব্যবহার হয়।

তবে অন্য বিভক্তিগুলোরও প্রয়োগ রয়েছে।

- করণ কারকে 'দ্বারা' বিভক্তি (অনুসর্গ) - তোমাদের দ্বারা দেশের ক্ষতি হবে।
- করণ কারকে 'দিয়া বিভক্তি (অনুসর্গ) - তোমার লোক দিয়ে কাজটা করাবে।
- করণ কারকে শূন্য (০) বা অ-বিভক্তি - রফিক তাস খেলে।
- করণ কারকে এ-বিভক্তি - গ্যাসে গাড়ি চলে।
- করণ কারকে য়-বিভক্তি – টাকায় টাকা হয়।
- করণ কারকে তে-বিভক্তি – তার কথা যেন মধুতে মাখা।

উৎস: উচ্চমাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৪৬) নিচের কোন বানানটি শুদ্ধ?**

ক) মূমূর্ষু খ) মুমুষু
গ) মুমূর্ষু ঘ) মুমুর্ষূ

সঠিক উত্তরঃ গ) মুমূর্ষু

শুদ্ধ বানান - মুমূর্ষু

মুমূর্ষু (বিশেষণ)

- সংস্কৃত শব্দ

- প্রকৃতি প্রত্যয় = √মৃ+সন্+উ

- অর্থ: মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন, মৃতপ্রায়

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৪৭) 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক) পিক খ) ধেনু
গ) বিভব ঘ) অম্বু

সঠিক উত্তরঃ ক) পিক

**পরভৃত (বিশেষ্য) - কোকিল; পিক।**

(বিশেষণ) পরপুষ্ট; অন্য কর্তৃক পালিত।

পরভৃৎ (বিশেষ্য) - পরকে পালন করে যে; কোকিলকে যে পালন করে অর্থাৎ কাক; বায়স।

অন্যদিকে,

'ধেনু' 'গরু' এর সমার্থক শব্দ

'বিভব' 'সম্পদ' এর সমার্থক শব্দ

অম্বু' 'জল' এর সমার্থক শব্দ

উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

**৪৮) 'আকুঞ্চন' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

ক) শান্ত খ) আকাঙ্ক্ষা
গ) প্রসারণ ঘ) কুঞ্চিত

সঠিক উত্তরঃ গ) প্রসারণ

'আকুঞ্চন' এর বিপরীত শব্দার্থ - প্রসারণ।

গুরুত্বপূর্ণ কিছু বিপরীতার্থক শব্দঃ

হর্ষ - বিষাদ

আবির্ভাব - তিরোভাব

অনন্ত - সান্ত।

উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

**৪৯) 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'-**

ক) ইতিহাসবেত্তা খ) ঐতিহাসিক
গ) ইতিহাসবিজ্ঞ ঘ) ইতিহাসবিদ

সঠিক উত্তরঃ ক) ইতিহাসবেত্তা

সঠিক এক কথায় প্রকাশ-

ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি = ইতিহাসবেত্তা।

ইতিহাস রচনা করেন যিনি = ঐতিহাসিক।

উৎস: ভাষা শিক্ষা, হায়াৎ মামুদ।

**৫০) বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?**

ক) বাক্য সংকোচনের জন্য খ) বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য
গ) বাক্যের সৌন্দর্যের জন্য ঘ) বাক্য অলংকৃত করার জন্য

সঠিক উত্তরঃ খ) বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য

মুখের কথাকে লিখিত রূপ দেওয়ার সময়ে কম-বেশি থামা বোঝাতে যেসব চিহ্ন ব্যবহৃত হয়, সেগুলোকে যতিচিহ্ন বলে।

- বক্তব্যকে স্পষ্ট করতেও কিছু চিহ্ন ব্যবহৃত হয়।

- যতিচিহ্নকে বিরাম চিহ্ন বা বিরিতি চিহ্নও বলে।

উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

**৫১) বাঙালির দৈহিক গড়নে সবচেয়ে বেশি মিল রয়েছে কোন জাতিগোষ্ঠীর সাথে?**

ক) মোঙ্গলয়েড খ) অস্ট্রালয়েড
গ) ককেশয়েড ঘ) নিগ্রয়েড

সঠিক উত্তরঃ খ) অস্ট্রালয়েড

**অস্ট্রোলয়েড**

- অস্ট্রোলয়েড প্রাচীন বাংলায় একটি নৃ-গোষ্ঠী। নৃতত্ত্ববিদগণ এদেরকে আদি অস্ট্রেলীয় বলে মনে করেন। এ জনগোষ্ঠীকে অস্ট্রিক বা অস্ট্রো-এশীয়ও বলা হয়।

- প্রাচীন সাহিত্যে এরা নিষাদ নামে পরিচিত। পন্ডিতদের মতে, অস্ট্রোলয়েডদের আদি বাসস্থান মধ্য ভারত থেকে শুরু করে দক্ষিণ ভারত এবং সিংহল থেকে অস্ট্রেলিয়া পর্যন্ত বিস্তৃত ছিল।

- কাল পরিক্রমায় তাদের একটি দল আদি বাসস্থান ত্যাগ করে বাংলায় অভিবাসন করে।

এছাড়াও,

- নেগ্রিটো: প্রস্তরযুগে প্রাচীন ভারতের আদিম মানুষ। বাংলার প্রাচীনতম বং জনগোষ্ঠীর পরবর্তীতে আসে নেগ্রিটো জনগোষ্ঠী।

- বাংলাদেশে বসবাসকারী উপজাতির বড় অংশ হলো মঙ্গোলয়েড।

- প্রাচীনকালে আর্যপূর্ব জনগোষ্ঠীর যে চারটি শাখা এখানে বাস করতো তারা হলো- অস্ট্রিক, দ্রাবিড়, নেগ্রিটো ও ভোটচীনীয়।

তথ্যসূত্র: বাংলাপিডিয়া।

**৫২) প্রাচীন বাংলার প্রথম স্বাধীন শাসকের নাম কী?**

ক) কনিস্ক খ) শশাংক
গ) ধর্মপাল ঘ) গোপাল

সঠিক উত্তরঃ খ) শশাংক

- সপ্তম শতকের প্রারম্ভে বাংলার প্রথম স্বাধীন নৃপতি শশাঙ্ক উত্তর বাংলায় একটি শক্তিশালী স্বাধীন রাজ্য গড়ে তোলেন যা 'গৌড়রাজ্য' নামে পরিচিত।

- এই রাজ্যের রাজধানী ছিলো মুর্শিদাবাদ জেলার নিকটবর্তী কর্ণসুবর্ণ।

- উত্তর বাংলা থেকে উড়িষ্যা পর্যন্ত স্বাধীন গৌড়রাজ্যের বিস্তৃতি ছিলো।

- ৫৯৪-৬৩৭ খ্রিস্টাব্দ পর্যন্ত শশাঙ্ক গৌড়রাজ্য শাসন করেন।

সূত্র: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা : নবম-দশম শ্রেণি।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৫৩) ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?**

ক) নুরুল আমিন খ) লিয়াকত আলী খান

গ) মোহাম্মদ আলী ঘ) খাজা নাজিমুদ্দীন

সঠিক উত্তরঃ ঘ) খাজা নাজিমুদ্দীন

১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়:

- পাকিস্তানের প্রধানমন্ত্রী : **খাজা নাজিমউদ্দিন**।
- পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী : নুরুল আমিন
- পাকিস্তানের গভর্নর জেনারেল : গোলাম মুহাম্মদ।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য : সৈয়দ মোয়াজ্জেম হোসেন।

তথ্যসূত্র: বাংলাপিডিয়া।

**৫৪) বাংলাদেশের সংবিধানে কয়টি তফসিল রয়েছে?**

ক) ৪টি খ) ৫টি

গ) ৬টি ঘ) ৭টি

সঠিক উত্তরঃ ঘ) ৭টি

- পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে বাংলাদেশের সংবিধানে আরও ৩টি তফসিল সংযোজন করা হয়।
- ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সংবিধানের পঞ্চম তফসিলে সংযোজন করা হয়।
- বাংলাদেশের সংবিধানে **মোট ৭টি তফসিল** আছে।
- প্রথম তফসিলঃ অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন।
- দ্বিতীয় তফসিলঃ রাষ্ট্রপতি নির্বাচন বর্তমানে বিলুপ্ত।
- তৃতীয় তফসিলঃ শপথ ও ঘোষণা।
- চতুর্থ তফসিলঃ ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী।
- পঞ্চম তফসিলঃ ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণ।
- ষষ্ঠ তফসিলঃ স্বাধীনতার ঘোষণা।
- সপ্তম তফসিলঃ স্বাধীনতার ঘোষণাপত্র।

তথ্যসূত্র: বাংলাদেশের সংবিধান।

**৫৫) 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা কে?**

ক) মওলানা আবদুল হামিদ খান ভাসানী

খ) শেরে বাংলা এ. কে ফজলুল হক

গ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

সঠিক উত্তরঃ ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

- "আমার দেখা নয়াচীন" জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর চীন ভ্রমণের উপর লেখা গ্রন্থ।
- এই গ্রন্থটি তার প্রকাশিত তৃতীয় গ্রন্থ।
- ০২ ফেব্রুয়ারী ২০২০ বাংলা একাডেমি এটি প্রকাশ করে।
- ১৯৫২ সালের সেপ্টেম্বর-অক্টোবর মাসে বিশ্ব শান্তি সম্মেলনে যোগ দিতে নয়া চীন যান বঙ্গবন্ধু।
- তার এ সফরের অভিজ্ঞতাই এ গ্রন্থে বর্ণনা করা হয়েছে।

তথ্যসূত্র: আমার দেখা নয়াচীন, বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান।

**৫৬) বাংলাদেশে VAT চালু হয় কত সালে?**

ক) ১ জুলাই, ১৯৮৯ খ) ১ জুলাই, ১৯৯০

গ) ১ জুলাই, ১৯৯১ ঘ) ১ জুলাই, ১৯৯২

সঠিক উত্তরঃ গ) ১ জুলাই, ১৯৯১

- ভ্যাট বা মূসক একটি পরোক্ষ কর।
- বাংলাদেশের প্রথম ভ্যাট (VAT- Value Added Tax, মূল্য সংযোজন কর) চালু হয়- ১ জুলাই, ১৯৯১ সালে।
- ভ্যাট থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়।
- বাংলাদেশে প্রথম ভ্যাট (VAT- Value Added Tax, মূল্য সংযোজন কর) চালু হয় - **১ জুলাই, ১৯৯১ সালে**।
- বাংলাদেশ সরকারের দ্বিতীয় সর্বোচ্চ রাজস্ব আয় আসে আয়কর থেকে।

তথ্যসূত্র: অর্থনীতি ২য় পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, প্রফেসর মোস্তাফিজুর রহমান।

**৫৭) ভাষা শহিদদের স্মরণে 'জননী ও গর্বিত বর্ণমালা' ভাস্কর্যটির ভাস্কর কে?**

ক) মৃণাল হক খ) শামীম শিকদার

গ) হামিদুজ্জামান খান ঘ) নভেরা আহমেদ

সঠিক উত্তরঃ ক) মৃণাল হক

- জননী ও গর্বিত বর্ণমালা ভাস্কর্যটি ভাষা আন্দোলন ভিত্তিক।
- এটি অবস্থিত শাহবাগের পরীবাগে।
- এর ভাস্কর **মৃণাল হক**।

তথ্যসূত্র: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ওয়েবসাইট।

**৫৮) বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী অনুষ্ঠান কত তারিখে শুরু হয়?**

ক) ১৭ মার্চ, ২০২০ খ) ১৭ মার্চ, ২০১৯

গ) ১৭ মার্চ, ২০২১ ঘ) ১৭ মার্চ, ২০২২

সঠিক উত্তরঃ ক) ১৭ মার্চ, ২০২০

**মুজিববর্ষ**

বাংলাদেশ রাষ্ট্রের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষই হলো মুজিববর্ষ। ১৯২০ সালের ১৭ই মার্চ বঙ্গবন্ধু গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। **২০২০ সালের ১৭ মার্চ** তার জন্মের ১০০ বছর হয়। এই সময়কে স্মরণীয় করে রাখতেই পরবর্তী ১ বছর রাষ্ট্রীয় উদ্যোগে দেশে এবং কিছু দেশ ও সংস্থার উদ্যোগে আন্তর্জাতিকভাবেও "মুজিববর্ষ" পালিত হচ্ছে।

নিম্নে মুজিববর্ষ সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে আলোকপাত করা হল -

সময়কালঃ ১৭ মার্চ, ২০২০ থেকে ১৬ ডিসেম্বর, ২০২১ সাল পর্যন্ত।

প্রথমে ১৭ মার্চ, ২০২০ থেকে ২৬শে মার্চ, ২০২১ সাল পর্যন্ত সময়কে

মুজিববর্ষ হিসেবে ঘোষণা করা হয়। পরবর্তীতে, বৈশ্বিক করোনা মহামারির প্রেক্ষাপটে বাংলাদেশ সরকার সম্প্রতি 'মুজিববর্ষ' এর সময়সীমা পুনঃনির্ধারণ করে।

মুজিববর্ষ ঘোষণা করা হয় – ১২ জানুয়ারি, ২০১৯ তারিখে।

মুজিববর্ষ পালনের উদ্দেশ্যে একটি "জাতীয় কমিটি" গঠিত হয় যার সভাপতি হচ্ছেন – মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা।

আবার, 'জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বাস্তবায়ন কমিটি'র সভাপতি হচ্ছেন – জাতীয় অধ্যাপক মোহাম্মদ রফিকুল ইসলাম।

মুজিববর্ষের ক্ষণগণনা শুরু হয় – ১০ জানুয়ারি, ২০২০ তারিখ থেকে। ১৭ মার্চ, ২০২০ তারিখে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর উদ্বোধনী অনুষ্ঠানটির নাম – মুক্তির মহানায়ক। এই উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাঠ করা কবিতাটির নাম – "বাবা"। কবিতাটির রচয়িতা – বঙ্গবন্ধুর কনিষ্ঠাকন্যা শেখ রেহানা। এতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ভাষণ প্রদান করেন।

তথ্যসূত্র: প্রথম আলো।

**৫৯) বাংলাদেশে সবচেয়ে বেশি রেমিটেন্সের অর্থ প্রেরণ করেন কোন দেশের প্রবাসীরা?**

ক) যুক্তরাষ্ট্র খ) যুক্তরাজ্য
গ) সৌদি আরব ঘ) আরব আমিরাত

সঠিক উত্তরঃ গ) সৌদি আরব

⇨ প্রবাসীদের প্রেরিত অর্থের সিংহভাগই আসে মধ্যপ্রাচ্যের দেশসমূহ থেকে।

⇨ ২০২১-২২ অর্থবছরে জুলাই-ফেব্রুয়ারি সময়ে মধ্যপ্রাচ্যের দেশসমূহের মধ্যে সর্বাধিক রেমিট্যান্স এসেছে - সৌদি আরব থেকে।

⇨ দ্বিতীয় - মার্কিন যুক্তরাষ্ট্র, তৃতীয় - যুক্তরাজ্য।

⇨ ইউরোপিয়ান দেশসমূহের মধ্যে শীর্ষে রয়েছে - যুক্তরাজ্য।

⇨ ২০২২ (ফেব্রুয়ারি) সালে বিশ্বের বিভিন্ন দেশে ২,০২,২৬৭ জনকে প্রবাসী হিসেবে প্রেরণ করা হয়।

⇨ সবচেয়ে বেশি জনশক্তি প্রেরণ করা হয় - সৌদি আরব (১,২৭,১৮৭ জন যা মোট অভিবাসনের ৭৪.০৮%), দ্বিতীয় – সংযুক্ত আরব আমিরাতে (২৭,৪৭০ জন)।

তথ্যসূত্র: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২২

**৬০) প্রাণঘাতী নভেল করোনা ভাইরাস সর্বপ্রথম কোথায় শনাক্ত করা হয়েছিল?**

ক) চীনের উহানে খ) চীনের সাংহাইতে
গ) চীনের বেইজিংয়ে ঘ) ইতালির লোম্বার্ডিতে

সঠিক উত্তরঃ ক) চীনের উহানে

- ৩১ ডিসেম্বর ২০১৯ **চীনের হুবেই প্রদেশের উহান শহরে** করোনা ভাইরাসের সংক্রমণ বিষয়ে চীনা সরকার সর্বপ্রথম বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে অবহিত করে।

- ১১ জানুয়ারী ২০২০ চীনের উহানে প্রথম করোনা আক্রান্ত রোগী মারা যায়।

- ১৩ জানুয়ারি চীনের বাহিরে থাইল্যান্ডে সর্বপ্রথম করোনা আক্রান্ত রোগী চিহ্নিত হয়। এই রোগী উহান থেকে থাইল্যান্ডে এসেছিল।

- ২ ফেব্রুয়ারি চীনের বাহিরে ফিলিপাইনে প্রথম করোনা রোগী মারা যায়। এই রোগীও উহান থেকে ফিলিপাইন গিয়েছিলো।

- বাংলাদেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয় ৮ মার্চ এবং প্রথম রোগী মারা যায় ১৮ মার্চ।

- ৩০ জানুয়ারি বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ইস্যুতে বিশ্বে স্বাস্থ্য জরুরি অবস্থা জারি করে।

- ১১ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই রোগের নামকরণ করে COVID-19।

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১১ মার্চ COVID-19 কে মহামারি হিসেবে চিহ্নিত করে।

তথ্যসূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা ওয়েবসাইট।

**৬১) বাংলাদেশ-ভারতের মধ্যে অভিন্ন নদীর সংখ্যা কতটি?**

ক) ৫২টি খ) ৫৪টি
গ) ৫৭টি ঘ) ৫৮টি

সঠিক উত্তরঃ খ) ৫৪টি

- বাংলাদেশ হিমালয় থেকে উৎসরিত ৩টি বৃহৎ নদী: গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনার পলল দ্বারা সৃষ্টি হয়েছে। এটি পৃথিবীর একটি অন্যতম বৃহৎ বদ্বীপ।

- বাংলাদেশের মধ্য দিয়ে প্রায় ৪০৫টি নদী প্রবাহিত হচ্ছে।

- এ নদীগুলোর মধ্যে ৫৭টি হচ্ছে আন্তঃসীমান্ত নদী যার মধ্যে **৫৪টি বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন** এবং ৩টি বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে অভিন্ন।

- আবহমানকাল ধরে নদীমাতৃক বাংলাদেশের কোটি কোটি মানুষের জীবন ও জীবিকা আবর্তিত হচ্ছে এসকল নদীর পানিকে ঘিরে।

- এ তিনটি নদীর অববাহিকার মোট আয়তন প্রায় ১.৭২ মিলিয়ন বর্গকিলোমিটার, যার মাত্র ৭ শতাংশ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত। এসকল নদীর অন্যান্য অববাহিকাভূক্ত দেশ হচ্ছে ভারত, নেপাল, ভূটান ও চীন।

তথ্যসূত্র: যৌথ নদী কমিশন ওয়েবসাইট।

**৬২) NATO কবে গঠিত হয়েছিল?**

ক) ১৯৪৭ সালে খ) ১৯৪৮ সালে
গ) ১৯৪৯ সালে ঘ) ১৯৫০ সালে

সঠিক উত্তরঃ গ) ১৯৪৯ সালে

- NATO এর পূর্ণরূপ North Atlantic Treaty Organization বা উত্তর আটলান্টিক চুক্তি সংস্থা।

- NATO প্রধানত একটি সামরিক জোট যা **১৯৪৯ সালের ৪ এপ্রিল** গঠিত হয়।

- ন্যাটোর প্রতিষ্ঠাকালীন সদস্য ১২টি।

- ন্যাটোর বর্তমান সদস্য সংখ্যা ৩০টি।

- উত্তর মেসিডোনিয়া ন্যাটোর সর্বশেষ সদস্য।

- তুরস্ক ও আলবেনিয়া ন্যাটোভুক্ত মুসলিম দেশ।

- ন্যাটোর সদরদপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।

- বর্তমান মহাসচিব জেনস স্টলেনবার্গ।

তথ্যসূত্র; ন্যাটো ওয়েবসাইট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৬৩) পাটের জিনোম কে আবিস্কার করেন?**

ক) জগদীশ চন্দ্র বসু খ) ড. কুদরত-ই-খুদা
গ) লিউয়েন হুক ঘ) ড. মাকসুদুল আলম

সঠিক উত্তরঃ ঘ) ড. মাকসুদুল আলম

- **ড. মাকসুদুল আলম** ছিলেন একজন বাংলাদেশী জিনতত্ত্ববিদ।
- তার নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট ও তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান ডাটাসফটের একদল উদ্যমী গবেষকের যৌথ প্রচেষ্টায় ২০১০ সালের মাঝামাঝি সময়ে সফলভাবে উন্মোচিত হয় পাটের জিন নকশা।
- ২০১০ সালের ১৬ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে পাটের জিনোম সিকোয়েন্স আবিষ্কারের ঘোষণা দেন।

তথ্যসূত্র; বিবিসি এবং ডয়েচ ভেলে

**৬৪) বাংলাদেশের শিক্ষানীতি প্রণয়ন করা হয় কত সালে?**

ক) ২০১০ সালে খ) ২০১৩ সালে
গ) ২০১৫ সালে ঘ) ২০১৭ সালে

সঠিক উত্তরঃ ক) ২০১০ সালে

- **২০১০ সালের জাতীয় শিক্ষানীতি প্রণয়ন** করা হয়

২০১০ সালের জাতীয় শিক্ষানীতি অনুসারে,

নতুন শিক্ষা কাঠামোয় নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক শিক্ষা স্তর হিসেবে বিবেচিত হবে।

এই স্তরের শিক্ষাশেষে শিক্ষার্থীরা সামর্থ্য অনুযায়ী উচ্চশিক্ষার বিভিন্ন ধারায় যাবে, নয়তো অর্জিত বৃত্তিমূলক শিক্ষার ভিত্তিতে বা আরো বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে জীবিকার্জনের পথে যাবে।

মাধ্যমিক শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্য নিম্নরূপ :

- শিক্ষার্থীর অন্তর্নিহিত মেধা ও সম্ভাবনার পরিপূর্ণ বিকাশে সাহায্য করা।
- কর্মজগতে অংশগ্রহণের জন্য, বিশেষ করে দেশের অর্থনৈতিক ক্ষেত্রে, একটি পর্যায়ের প্রয়োজনীয় দক্ষতাসম্পন্ন ব্যক্তিরূপে শিক্ষার্থীকে তৈরি করা।
- মানসম্পন্ন শিক্ষাদান করে প্রাথমিক স্তরে প্রাপ্ত মৌলিক জ্ঞান সম্প্রসারিত ও সুসংহত করা। এর ফলে শিক্ষার্থীদের মধ্যে মানসম্পন্ন উচ্চশিক্ষার ভিত শক্ত হবে।
- বিভিন্নরকমের মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান ও বিভিন্ন আর্থ-সামাজিক, নৃতাত্ত্বিক ও অন্যান্য পিছিয়ে পড়া গোষ্ঠীর মধ্যে বৈষম্য দূর করার লক্ষ্যে প্রচেষ্টা চালানো।
- পিছিয়ে পড়া অঞ্চলগুলোর জন্যও যতদিন প্রয়োজন বিশেষ পদক্ষেপের মাধ্যমে শিক্ষার অগ্রগতি সমর্থন করা ।
- নির্ধারিত বিষয়ে সকল ধারায় অভিন্ন শিক্ষাক্রম ও পাঠ্যসূচি প্রণয়ন এবং বাস্তবায়ন করা।

তথ্যসূত্র; ২০১০ সালের জাতীয় শিক্ষানীতি

**৬৫) 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।'- কোন আন্দোলনের স্লোগান?**

ক) ভাষা আন্দোলন খ) শিক্ষা আন্দোলন
গ) গণনাট্য আন্দোলন ঘ) বুদ্ধির মুক্তি আন্দোলন

সঠিক উত্তরঃ ঘ) বুদ্ধির মুক্তি আন্দোলন

- আবুল ফজল ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ঢাকার মুসলিম সাহিত্য সমাজ (১৯২৬) প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত ছিলেন।
- ১৯৩০ সালে তিনি এর সম্পাদক হন।
- মুসলিম সাহিত্য সমাজের উদ্দেশ্য ছিল সামাজিক কুসংস্কার ও অন্ধ শাস্ত্রানুগত্য থেকে মানুষকে মুক্ত করা।
- এ উদ্দেশে তাঁরা সামাজিক আন্দোলন গড়ে তোলেন।
- তাঁদের সে আন্দোলনের বার্তা সর্বত্র পৌঁছে দেওয়ার জন্য ১৯২৬ সালে তাঁরা প্রকাশ করেন সমাজের মুখপত্র শিখা। মুসলিম সাহিত্য সমাজ ও শিখার সঙ্গে যাঁরা জড়িত ছিলেন তাঁরা 'শিখাগোষ্ঠী' নামে পরিচিত ছিলেন।
- এ গোষ্ঠী তখন ঢাকায় বুদ্ধির মুক্তি আন্দোলন শুরু করে।
- তাঁদের আন্দোলনের মূলকথা ছিল 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'।

তথ্যসূত্র: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

**৬৬) SDG এর পূর্নরূপ কী?**

ক) Successful Development Goals
খ) Successive Development Goals
গ) Sustainable Development Goals
ঘ) Sustantial Development Goals

সঠিক উত্তরঃ গ) Sustainable Development Goals

জাতিসংঘের উদ্যোগে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার আদলে ২০১৬-২০৩০ সময়ের মধ্যে বাস্তবায়নের জন্যে ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) নির্ধারণ করা হয়েছে।

এর মধ্যে SDG এর ১৪ নং লক্ষ্যমাত্রায় মহাসাগর, সমুদ্র এবং সামুদ্রিক সম্পদ সংরক্ষণ ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG):

- SDG - এর পূর্ণরূপ **Sustainable Development Goals** বা টেকসই উন্নয়ন লক্ষ্য।
- SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল। এতে মোট ১৭টি বৈশ্বিক লক্ষ্য (Goals) এর আওতায় ১৬৯টি টার্গেট অন্তর্ভুক্ত রয়েছে।

লক্ষ্যমাত্রাসমূহ হলো:

- দারিদ্র্য নির্মূল, ক্ষুধামুক্তি, সুস্বাস্থ্য, মানসম্মত শিক্ষা, লিঙ্গ সমতা, বিশুদ্ধ পানি ও স্যানিটেশন, সাশ্রয়ী ও নবায়নযোগ্য জ্বালানি, উপযুক্ত কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি, শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো, বৈষম্য হ্রাস, টেকসই শহর ও জনগণ, পরিমিত ভোগ ও উৎপাদন, জলবায়ু বিষয়ে পদক্ষেপ, সামুদ্রিক বাস্তুসংস্থান, স্থলভাগের জীবন, শান্তি, ন্যায়বিচার ও শক্তিশালী প্রতিষ্ঠান এবং, অভিষ্টের জন্যে অংশীদারিত্ব।

তথ্যসূত্র: SDG ওয়েবসাইট।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

**৬৭) আলুর একটি জাতের নাম -**

ক) রূপালী
খ) ডায়মন্ড
গ) ড্রামহেড
ঘ) ব্রিসাইল

সঠিক উত্তরঃ খ) ডায়মন্ড

• আলুর উন্নত জাত:- হিরা, আইলসা, পেট্রোনিস, মুল্টা, **ডায়মন্ড**, কার্ডিনাল, মন্ডিয়াল, কুফরী, সিন্দুরী, চমক, ধীরা, গ্রানোলা, ক্লিওপেট্রা ও চিনেলা।

• তুলার উন্নত জাত:- রুপালী ও ডেলফোজ।

• ড্রামহেড, গ্রীন এক্সপ্রেস ও গোল্ডেন ক্রস হচ্ছে উন্নত জাতের বাঁধাকপি।

• উন্নত জাতের ধান:-
ময়না,হীরা,মালা,ইরাটম,চান্দিনা,ব্রিশাইল,সুফলা,হরিধান।

তথ্যসূত্র: কৃষি তথ্য সার্ভিস।

**৬৮) পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যাকে কী বলে?**

ক) বায়োলজি
খ) সোসিওলজি
গ) এনভায়রনমেন্ট
ঘ) ইকোলজি

সঠিক উত্তরঃ ঘ) ইকোলজি

- পরিবেশের সাথে জীবদেহের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞানকে **ইকোলোজি** বলে।
- ইকোলজি হলো বাস্তুসংস্থান।
- একটি নির্দিষ্ট অঞ্চলের জীব ও জড় উপাদানের পারস্পরিক ক্রিয়াকলাপ আদান-প্রদান ও একাত্মতার মাধ্যমে সুপ্রতিষ্ঠিত আন্তঃসম্পর্ককে ইকোলজি বলে।
- ইকোলজি শব্দটি গ্রিক শব্দ থেকে এসেছে, যার অর্থ বাড়ি সংক্রান্ত আলোচনা।
- কোনো নির্দিষ্ট স্থানে উদ্ভিদ ও প্রাণীর সম্মিলিত অবস্থান যা পরিবেশের ভারসাম্য রক্ষা করে তাই মূলত ইকোলজি।
- Ernest Haeckel নামক জার্মান বিজ্ঞানী সর্বপ্রথম ১৮৬৯ সালে Ecology শব্দটি ব্যবহার করেন।
- ইকোলজি হল জীববিজ্ঞানের একটি শাখা।

তথ্যসূত্র: পরিবেশ বিজ্ঞান, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**৬৯) ব্রেক্সিট কার্যকর হয় কত তারিখে?**

ক) ১ ডিসেম্বর, ২০১৯
খ) ১ জানুয়ারি, ২০২০
গ) ১ ফেব্রুয়ারি, ২০২০
ঘ) ১ মার্চ, ২০২০

সঠিক উত্তরঃ গ) ১ ফেব্রুয়ারি, ২০২০

• ব্রেক্সিট হলো 'ব্রিটিশ এক্সিট' বা যুক্তরাজ্যের ইউরোপিয়ান ইউনিয়ন থেকে বের হয়ে যাওয়া।
• **২০২০ সালের ৩১ জানুয়ারি ব্রেক্সিট কার্যকরের** মাধ্যমে ৪৭ বছরের সম্পর্কের অবসান ঘটিয়ে যুক্তরাজ্য ইউরোপিয়ান ইউনিয়ন ত্যাগ করে।
• ২০১৬ সালের ২৩শে জুন যুক্তরাজ্যে অনুষ্ঠিত গণভোটে ৫২ শতাংশ জনগণ ইউরোপিয়ান ইউনিয়ন ত্যাগ করার পক্ষে ভোট দেয়।
• এতে ২০১৯ সালের ২৯শে মার্চ ব্রেক্সিট তারিখ নির্ধারিত হলেও তা দুই দফায় বৃদ্ধি করে সর্বশেষ ৩১ জানুয়ারি ২০২০ কার্যকর হয়।
• এর আগে ১৯৭৩ সালে যুক্তরাজ্য ইউরোপিয়ান ইউনিয়নে যোগ দেয়।

**যেহেতু ৩১ জানুয়ারি মধ্যরাত থেকে ব্রেক্সিট কার্যকর ধরা হয়, তাই সঠিক উত্তর হিসাবে ১ ফেব্রুয়ারি, ২০২২ গ্রহণযোগ্য হবে।**

তথ্যসূত্র: বিবিসি বাংলা।

**৭০) পৃথিবীর দীর্ঘতম পর্বতমালা কোনটি?**

ক) হিমালয় পর্বতমালা
খ) আল্পস পর্বতমালা
গ) আন্দিজ পর্বতমালা
ঘ) আলাস্কা পর্বতমালা

সঠিক উত্তরঃ গ) আন্দিজ পর্বতমালা

- পৃথিবীর দীর্ঘতম পর্বতশ্রেণী হলো দক্ষিণ আমেরিকার আন্দিজ পর্বতমালা।
- এর দৈর্ঘ্য প্রায় ৭ হাজার কিলোমিটার।
- এটি দক্ষিণ আমেরিকার সাতটি দেশজুড়ে বিস্তৃত।
- দ্বিতীয় দীর্ঘতম পর্বতশ্রেণী হলো উত্তর আমেরিকার রকি পর্বতমালা।
- হিমালয় পর্বতমালায় বিশ্বের সর্বোচ্চ পর্বত শৃঙ্গ মাউন্ট এভারেস্ট অবস্থিত।

তথ্যসূত্র: ওয়ার্ল্ড অ্যাটলাস।

**৭১) ২০২১ সালে অস্কার পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ চলচিত্র হলো-**

ক) প্যারাসাইট
খ) নোম্যাডল্যান্ড
গ) সিনারি
ঘ) ম্যারেজ স্টোরি

সঠিক উত্তরঃ খ) নোম্যাডল্যান্ড

- ২০২১ সালে ৯৩তম অস্কারজয়ী আমেরিকান চলচ্চিত্র নোম্যাডল্যান্ড।
- সেরা অভিনেতা অ্যান্থনি হপকিন্স।
- সেরা অভিনেত্রী ফ্রান্সিস ম্যাকডোরম্যান্ড।
- সেরা পরিচালক ক্লোয়ি ঝাঁও।

তথ্যসূত্র: অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস (অস্কার) এর ওয়েবসাইট।

**৭২) কোন দেশ আফ্রিকা মহাদেশের অন্তর্ভুক্ত নয়?**

ক) মরক্কো
খ) লিবিয়া
গ) তিউনিসিয়া
ঘ) ইয়েমেন

সঠিক উত্তরঃ ঘ) ইয়েমেন

- ইয়েমেন মধ্যপ্রাচ্যের একটি দেশ।
- ১৯৯০ সালে ইয়েমেন আরব প্রজাতন্ত্র (উত্তর ইয়েমেন) এবং গণপ্রজাতন্ত্রী ইয়েমেন (দক্ষিণ ইয়েমেন) দেশ দুইটিকে একত্রিত করে ইয়েমেন প্রজাতন্ত্র গঠন করা হয়।
- সানা'আ ইয়েমেন প্রজাতন্ত্রের রাজধানী ও বৃহত্তম শহর।
- ইয়েমেনের পশ্চিমে লোহিত সাগর এবং দক্ষিণে এডেন উপসাগর।

এটি আফ্রিকা মহাদেশ থেকে বাব এল মান্দেব প্রণালীর মাধ্যমে বিচ্ছিন্ন।

অন্যদিকে,

মরক্কো, তিউনিসিয়া ও লিবিয়া আফ্রিকা মহাদেশের অন্তর্ভুক্ত দেশ।

তথ্যসূত্র: ব্রিটানিকা।

**৭৩) একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ রানের ইনিংসটি কার?**

ক) সাকিব আল হাসান
খ) তামিম ইকবাল
গ) মোহাম্মদ আশরাফুল
ঘ) লিটন দাস

সঠিক উত্তরঃ ঘ) লিটন দাস

- বাংলাদেশের হয়ে একদিনের ক্রিকেটে এক ইনিংসে সর্বোচ্চ রান সংগ্রাহক হলেন **লিটন দাস**।
- ২০২০ সালের ৬ মার্চ সিলেট স্টেডিয়ামে জিম্বাবুয়ের বিরুদ্ধে তিনি ১৪৩ বলে ১৭৬ রান করেন যা বাংলাদেশের যেকোন ব্যাটসম্যানের পক্ষে সর্বাধিক।
- এর আগের সর্বোচ্চ ব্যক্তিগত ইনিংস ছিলো তামিম ইকবালের (১৫৮ রান)।

তথ্যসূত্র: ডেইলি স্টার।

**৭৪) আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় কোন তারিখে?**
ক) ৮ মার্চ খ) ১০ এপ্রিল
গ) ৫ জুন ঘ) ১০ ডিসেম্বর
সঠিক উত্তরঃ ক) ৮ মার্চ
- ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস।
- ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস।
- ১০ ডিসেম্বর বিশ্ব মানবাধিকার দিবস।
তথ্যসূত্র: জাতিসংঘ ওয়েবসাইট।

**৭৫) জাতিসংঘ বিশ্ববিদ্যালয় কোথায়?**
ক) যুক্তরাজ্যে খ) চীনে
গ) যুক্তরাষ্ট্রে ঘ) জাপানে
সঠিক উত্তরঃ ঘ) জাপানে
• জাতিসংঘ বিশ্ববিদ্যালয় (UNU) টোকিও, জাপানে অবস্থিত।
• ১৯৭২ সালে এটি প্রতিষ্ঠিত হয়।
• বিশ্বের প্রায় ১২ টি দেশে UNU ক্যাম্পাসের কার্যক্রম চালু আছে।
• জাতিসংঘের সাধারণ পরিষদে ১৯৬৯ সালের বার্ষিক প্রতিবেদন, জাতিসংঘের মহাসচিব উ থান্ট এর আনুষ্ঠানিক প্রস্তাব উত্থান করেন।
তথ্যসূত্র: UNU অফিশিয়াল ওয়েবসাইট।

**৭৬) যারে দেখতে নারি তার চলন বাঁকা।**
ক) Faults are unfair where love is fair.
খ) Faults are thick where love is thin.
গ) Faults are counted where there is no love.
ঘ) Faults are many where love is little.
সঠিক উত্তরঃ খ) Faults are thick where love is thin.
• যারে দেখতে নারি তার চলন বাঁকা হচ্ছে একটি Proverb.
- এর সঠিক অনুবাদ হচ্ছে - Faults are thick where love is thin.
Source: Live MCQ Lecture.

**৭৭) তুমি কি জানো সে কোথায় থাকে?**
ক) Do you know where does he live?
খ) Do you know where does he lives?
গ) Do you know where he lives?
ঘ) Do you know where he live?
সঠিক উত্তরঃ গ) Do you know where he lives?
• তুমি কি জানো সে কোথায় থাকে? - এর সঠিক translations হচ্ছে - Do you know where he lives?
- এখানে Do you know হচ্ছে Principal Clause (Interrogative) আর Where he lives হচ্ছে Know এর Object বিধায় Sub-ordinate Clause (Noun Clause).
- Sub-ordinate Clause সর্বদা Assertive Form এ বসে। অর্থাৎ Auxiliary Verb – Subject এর আগে বসবে না।
- তাই সঠিক উত্তর - Do you know where he lives?

**৭৮) আজ বৃষ্টি হতে পারে।**
ক) Today will rain. খ) It should be raining today.
গ) It may rain today. ঘ) Today is raining.
সঠিক উত্তরঃ গ) It may rain today.
• আজ বৃষ্টি হতে পারে এর সঠিক translation হচ্ছে - It may rain today.
• May হচ্ছে সম্ভাব্যতা নির্দেশক শব্দ।
- যেহেতু প্রশ্নে বলা হয়েছে যে বৃষ্টি হতে পারে অর্থাৎ সম্ভাব্যতা নির্দেশ করছে।
- তাই সঠিক translation It may rain today.

**৭৯) What is the antonym of 'transparent'?**
ক) Transform খ) Lubricant
গ) Pure ঘ) Hazy
সঠিক উত্তরঃ ঘ) Hazy
• Transparent - আলোকভেদ্য, নির্ভুল; সন্দেহহীন, স্বচ্ছ; সহজবোধ্য।
প্রশ্নে উল্লেখিত অন্য অপশন গুলোর মধ্যে -
ক) Transform - রূপান্তরিত করা
খ) Lubricant - যন্ত্রে ব্যবহারোপযোগী তেল; পিচ্ছিলকারক;
গ) Pure - অবিমিশ্র, খাদহীন,পরিষ্কার, ভেজালহীন; বিশুদ্ধ; খাঁটি
ঘ) Hazy - কুয়াশাচ্ছন্ন, অস্পষ্ট; কিয়ৎপরিমাণে আচ্ছন্ন বা বিভ্রান্ত; অনিশ্চিত.
সুতরাং, বোঝা যাচ্ছে যে প্রশ্নে উল্লেখিত অপশন গুলোর মধ্যে কেবলমাত্র Hazy শব্দটি Transparent এর বিপরীত অর্থ প্রকাশ করে।
তাই সঠিক উত্তর Hazy.

**৮০) The synonym of 'Prestige' is-**
ক) status খ) state
গ) prestigious ঘ) static
সঠিক উত্তরঃ ক) status
Prestige - সুখ্যাতিজনিত সম্মান; মর্যাদা।
প্রশ্নে উল্লেখিত অপশন গুলোর মধ্যে -
ক) status - কোনো ব্যক্তির অন্যদের সঙ্গে সম্পর্কজাত আইনানুগ, সামাজিক বা পেশাগত অবস্থান; প্রতিষ্ঠা, পদমর্যাদা
খ) state - উত্তেজিত বা উদ্বিগ্ন হওয়া
গ) prestigious - মর্যাদাজনক; মর্যাদাকর।
ঘ) static - স্থিত; স্থাণু; অনড়/স্থির অবস্থায়
সুতরাং, বোঝা যাচ্ছে, প্রশ্নে উল্লেখিত অপশন গুলোর মধ্যে Status শব্দটি Prestige এর সমার্থক অর্থ প্রকাশ করে।
তাই সঠিক উত্তর - Status.
বি.দ্র: prestigious (মর্যাদাজনক; মর্যাদাকর) শব্দটি Prestige এর কাছাকাছি অর্থ প্রকাশ করে কারন এটি হচ্ছে prestige এর adjective form.
- Parts of speech এর ভিন্নতার কারনে prestigious সঠিক সমার্থক শব্দ হবে না।
Source: Bangla Academy Dictionary.

**৮১) What is the antonym of 'antagonistic'?**
ক) Unfriendly খ) Friendly
গ) Hostile ঘ) Trivial
সঠিক উত্তরঃ খ) Friendly
• Antagonistic - শত্রুভাবাপন্ন; বিরোধী; বিপরীত।
প্রশ্নে উল্লেখিত অন্য অপশন গুলোর মধ্যে -
ক) Unfriendly - অবন্ধুসুলভ; বৈরী; প্রতিকূল; অপ্রিয়; অস্নিগ্ধ।
খ) Friendly - বন্ধুত্বপূর্ণ; বন্ধুজনোচিত; বন্ধুভাবাপন্ন; সহৃদয়; মিত্রোচিত; বন্ধুসুলভ; সানুরাগ; প্রীতিপূর্ণ
গ) Hostile - শত্রুপক্ষীয়, বৈরী, শত্রুবাহিনী, প্রতিকূল; বৈরী; বিদ্বেষী; শত্রুভাবাপন্ন:
ঘ) Trivial - সামান্য; তুচ্ছ; অকিঞ্চিৎকর; নগণ্য
সুতরাং, বোঝা যাচ্ছে যে, প্রশ্নে উল্লেখিত অপশন গুলোর মধ্যে কেবল মাত্র Friendly শব্দটি Antagonistic এর বিপরীত অর্থ প্রকাশ করে।
তাই সঠিক উত্তর - Friendly.
Source: Bangla Academy Dictionary.

**৮২) What is the adjective of 'Laud'?**
ক) Laudable খ) Laudful
গ) Laudy ঘ) Lauded
সঠিক উত্তরঃ ক) Laudable

Join Now GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

• Laud (verb transitive) (আনুষ্ঠানিক) প্রশংসা করা; গুণকীর্তন করা।
• Laud (noun) প্রশংসা; স্তুতিগান।
এর adjective form হচ্ছে - laudable - প্রশংসার যোগ্য; প্রশংসাজনক।
অন্য অপশন গুলোর মধ্যে -
- Laudably (adverb) প্রশংসাজনকভাবে।
- Lauded- Laud এর past and past participle form.
- Laudful বলে কোনো শব্দ হয় না।
Source: Bangla Academy Dictionary and Merriam Webster Dictionary.

**৮৩) What is the verb form of 'Popularity'?**

ক) Popular খ) Popularly
গ) Population ঘ) Popularize

সঠিক উত্তরঃ ঘ) Popularize

• Popularity (noun) [Uncountable noun] জনপ্রিয়তা; লোকপ্রিয়তা; লোকগ্রাহ্যতা; লোকপ্রীতি
- এর verb form হচ্ছে - Popularize - জনপ্রিয়/লোকপ্রিয়/লোকপ্রচলিত করা।
অন্য অপশন গুলোর মধ্যে -
- Popular - (adjective) - জনসাধারণ সম্বন্ধীয় বা জনসাধারণের জন্য; লৌকিক; লোকপ্রিয়; লোকগ্রাহ্য, সর্বলোকগ্রাহ্য, জনপ্রিয়।
- Popularly (adverb)- লোকগ্রাহ্যরূপে ইত্যাদি।
- Population (noun) - কোনো স্থান বা দেশে বসবাসরত জনসমষ্টি; এরকম জনসমষ্টির বিশেষ অংশ; জনসংখ্যা; লোকসংখ্যা।
Source: Bangla Academy Dictionary.

**৮৪) Noun form of 'blind' is**

ক) blind খ) blindly
গ) blindness ঘ) blindy

সঠিক উত্তরঃ গ) blindness

• Blind (adjective) - অন্ধ; দৃষ্টিশক্তিহীন।
- এর noun form হচ্ছে - Blindness - অন্ধত্ব; (লাক্ষণিক) বিবেচনাহীনতা; নির্বুদ্ধিতা।
Source: Bangla Academy Dictionary.

**৮৫) I will not go out if it -**

ক) rain খ) rains
গ) is raining ঘ) would be raining

সঠিক উত্তরঃ খ) rains

• First conditional এর নিয়মানুযায়ী,
- If + present indefinite + comma + future indefinite.
-If যুক্ত clause টি future indefinite tense এ থাকলে এর পরের অংশে present indefinite হবে।
সুতরাং, নিয়মানুযায়ী সঠিক উত্তর - rains.
Complete Sentence: I will not go out if it rains.

**৮৬) One of the boys _____ absent yesterday**

ক) was খ) is
গ) were ঘ) are

সঠিক উত্তরঃ ক) was

• One of the boys (বালকদের মধ্যে একজন) singular noun হওয়ায় verb ও singular হবে, অর্থাৎ was হবে।
- এখানে real subject হচ্ছে one.
- অতএব, 'were' বা 'are' ব্যবহার করা যাবেনা।

**৮৭) She talked as though she _____ the CEO of the company.**

ক) was খ) were
গ) had ঘ) had been

সঠিক উত্তরঃ ঘ) had been

• Asif/as though এর পূর্বে past indefinite tense থাকলে এরপরে past perfect tense হয়।
- তাই সঠিক উত্তর She talked as though she had been the CEO of the company.
কিন্তু Asif/as though এর পূর্বে present indefinite থাকলে এরপরে past indefinite tense হয়।
যেমনঃ She behaves as if she knew everything.

**৮৮) You had better (to go) there.**

ক) You had better gone there.
খ) You had better went there.
গ) You had better go there.
ঘ) You had better will go there.

সঠিক উত্তরঃ গ) You had better go there.

• Had better এর পরে verb এর base form বসে।
• Subject + had better/would better/had rather + verb এর base form.
• সুতরাং, নিয়মানুযায়ী সঠিক উত্তর - You had better go there.

**৮৯) I saw him (go) there.**

ক) go খ) gone
গ) was going ঘ) going

সঠিক উত্তরঃ ঘ) going

সঠিক উত্তর হবে: going
This is an example of present participle.
Participle:
- It is the form of a verb that usually ends in "ed" or "ing" and is used as an adjective:
- Participle একই সাথে Verb ও Adjective এর কাজ করে।
Participle মূলত: তিন প্রকার:
1. Present Participle. Ex: Do not disturb a sleeping dog.
2. Past Participle. Ex: This is a book written by Charles Dickens.
3. Perfect Participle. Ex: Having eaten rice, he went to bed.

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Use of Participle:
1. To form a verb: They are playing football.
2. As Adjective: The book is interesting.
3. As Absolute: We will go there, God willing.
Source: A passage to the English Language by S.M. Zakir Hussain.

**৯০) Time flies very fast. (Exclamatory)**
ক) How time does fly!
খ) How time do fly!
গ) How time flies!
ঘ) How time fly!
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
• Assertive to Exclamatory করার structure:
প্রথমে What/How বসে + Adjective বসে + Subject + Verb + বাকি অংশ + Exclamation mark.
বিঃ দ্রঃ Adjective এর পূর্বে a/an থাকলে Exclamatory করার সময় What বসবে এবং এরপর a/an হবে।
আর যদি Adjective এর পূর্বে a/an না থাকে তবে How দিয়ে Exclamatory করতে হবে।
যেমনঃ
1. Padma is a big river.
Exclamatory: What a big river the padma is!
2. The garden is very beautiful.
Exclamatory: How beautiful the garden is!
যেহেতু প্রদত্ত প্রশ্নে, adjective এর পুর্বে কোনো article নেই তাই নিয়মানুযায়ী সঠিক উত্তর হবে - How fast time flies!
- অপশনে সঠিক উত্তর না থাকায়, উত্তর নেয়া সম্ভব হয় নি।

**৯১) Everybody accepts this. (Interrogative)**
ক) Nobody rejects this?
খ) Does everybody accept this?
গ) Who does not accept this?
ঘ) Who accepts this?
সঠিক উত্তরঃ গ) Who does not accept this?
• Everybody/Everyone/All কে Interrogative করার সময় এদের পরিবর্তে প্রথমে who বসে
- এরপর doesn't/didn't বসে
- verb এর base form +
- বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন।
সুতরাং, নিয়মানুযায়ী সঠিক উত্তর - Who does not accept this?

**৯২) We will explain why we want to do it. (Passive)**
ক) The reason want to do that will be explained by us.
খ) All the reasons we explain be explained by us.
গ) Why we want to be do would be explained by us.
ঘ) Why we want to do it will be explained by us.
সঠিক উত্তরঃ ঘ) Why we want to do it will be explained by us.
• Future indefinite যুক্ত active voice কে passive করার নিয়ম -
- প্রথমে object টি subject রূপে বসে
- shall/will + be বসে
- এরপর verb এর past participle form বসে
- subject টি object রূপে বসে।
সুতরাং, নিয়মানুযায়ী সঠিক উত্তর - Why we want to do it will be explained by us.

**৯৩) We work hard to earn money. (Compound)**
ক) We work hard to earn a lot of money.
খ) We work hard so that we earn money.
গ) We work hard so that we can earn money.
ঘ) We work hard and we want to earn money.
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
অপশনে সঠিক উত্তর নেই। তাই উত্তর তুলে দেয়া হয়েছে।
• Compound sentence-এ একের অধিক principal clause থাকে যাদেরকে co-ordinate clause বলা হয়।
- অর্থাৎ Compound sentence এ দুই বা ততোধিক principal clause বা co-ordinate clause থাকে।
- এছাড়া Compound sentence এ সাধারণত and, or, but, yet, so, therefore, otherwise, else, both --- and , either --- or , neither — nor, not only --- but also ইত্যাদি co-ordinating conjunction দ্বারা দুইটি principal clause যুক্ত থাকে।
• Simple sentence এ to অথবা in order to থাকলে Compound sentence এ and so/and so/ and therefore বসাতে হয়।
এক্ষেত্রে Clause গুলো উল্টে যাবে এবং প্রথম Clause এ 'want to' যোগ হবে।
সে অনুসারে প্রদত্ত বাক্যের সঠিক compound form হবে - we want to earn money so/and so/ and therefore we work hard.
ক) অপশনে simple sentence ব্যবহৃত হয়েছে।
খ) ও গ) অপশনে 'so that' ব্যবহৃত হয়েছে যা subordinating conjunction. তাই এই দুইটিও Compound sentence নয়।
ঘ) অপশনে co-ordinating conjunction - and থাকলেও বাক্যটি অর্থগত দিক থাকে সঠিক ভাব প্রকাশ করে না। তাই এটিও সঠিক নয়।

**৯৪) What is the meaning of the phrase a man of letters?**
ক) A dull-headed person
খ) A scholar
গ) A big gun
ঘ) A wealthy person
সঠিক উত্তরঃ খ) A scholar

• **A man of letters**

English Meaning: **a male scholar or author.**

Bangla Meaning: পণ্ডিত / বিদ্বান / লেখক

Ex. Sentence: Dr. Shahidullah was a man of letters.

Bangla Meaning: ড. শহীদুল্লাহ একজন পণ্ডিত / বিদ্বান ব্যক্তি ছিলেন।

Source: Live MCQ Lecture.

**৯৫) 'Do away with' means-**

ক) to remove something

খ) to flourish something

গ) to forward somthing

ঘ) to set up something new

সঠিক উত্তরঃ ক) to remove something

• **Do away with**

English Meaning: **put an end to / remove.**

Bangla Meaning: সমাপ্তি টানা / বিনাশ সাধন করা

Ex. Sentence: These ridiculous rules and regulations should have been done away with years ago.

Bangla Meaning: এসব অবান্তর আইন কানুন অনেক আগেই বিলুপ্ত করা উচিত ছিলো।

Source: Live MCQ Lecture.

**৯৬) It is high time you ____ a business.**

ক) starts খ) start

গ) started ঘ) can start

সঠিক উত্তরঃ গ) started

• It is time ও It is high time এর পরে subject না এসে, কোন verb আসলে ঐ verb এর bare infinitive form (to + verb) হবে।

• আবার, বাক্যে It is time/It is high time থাকলে আর এর পর subject বসলে subject - এর পরের verb টি past form হয়।

- প্রশ্নে উল্লেখিত বাক্যে It is high time এরপর কোনো verb না এসে, subject এসেছে।

- তাই নিয়মানুযায়ী সঠিক উত্তর হবে - started.

- সম্পূর্ণ বাক্য - It is high time you started a business.

**৯৭) Navid told Sumon that he (go) to Khulna the next day.**

ক) went খ) had gone

গ) will go ঘ) would go

সঠিক উত্তরঃ ঘ) would go

• Main clause এর verb টি past tense হলে ও পরের অংশে next day, next week, next month, next year ইত্যাদি উল্লেখ থাকলে subject এর পরে should/would বসে এবং এরপর verb এর base form বসে।

- তাই নিয়মানুযায়ী সঠিক উত্তর - would go

- Complete Sentence: Navid told Sumon that he would go to Khulna the next day.

**৯৮) 'Bolt from the blue' means -**

ক) a danger with waring

খ) a danger without warning

গ) hard danger

ঘ) powerful danger

সঠিক উত্তরঃ খ) a danger without warning

• A bolt from the blue

English Meaning: 1. **a sudden and unexpected event or piece of news.**

Bangla Meaning: ১. অপ্রত্যাশিত ঘটনা বা খবর

Ex. Sentence: 1. The news of his accident was like a bolt from the blue.

Bangla Meaning: ১. তার দুর্ঘটনার সংবাদ একেবারেই অপ্রত্যাশিত ছিলো।

English Meaning: 2. **a complete surprise.**

Bangla Meaning: ২. সম্পূর্ণরূপে বিস্মিত হওয়া

Ex. Sentence: 2. The job came like a bolt from the blue.

Bangla Meaning: ২. চাকুরিটা হঠাৎ করে (অপ্রত্যাশিতভাবে) হয়ে গেলো।

সুতরাং, বোঝা যাচ্ছে যে,'Bolt from the blue' means -a danger without warning.

Source: Live MCQ Lecture.

**৯৯) Adjective form of 'ambition' is-**

ক) ambitive খ) ambitionally

গ) ambigious ঘ) ambitious

সঠিক উত্তরঃ ঘ) ambitious

• Ambition (noun) - (কোনো কিছুর জন্য, কোনো কিছু হওয়া বা করার জন্য) তীব্র আকাঙ্ক্ষা; উচ্চাকাঙ্ক্ষা

- এর adjective হচ্ছে - উচ্চাকাঙ্ক্ষী, উচ্চাভিলাষী।

- প্রশ্নে উল্লেখিত অন্য অপশন গুলোর কোনো অর্থ নেই।

Source: Live MCQ Lecture.

**১০০) He is a liar, ___?**

ক) does he খ) isn't he

গ) is he ঘ) aren't he

সঠিক উত্তরঃ খ) isn't he

• Tag question করার নিয়ম-

- সাধারণত Tag question ব্যবহৃত হয় পূর্বে উল্লেখিত কোন উক্তি সত্য না মিথ্যা তা নিশ্চিত হওয়ার জন্য।

- Statement **positive হলে tag question টা negative** হবে।

- আবার **statement negative হলে tag question positive** হবে।

- Subject ও Tense অনুসারে auxiliary verb দ্বারা tag question তৈরি হয়।

- যেহেতু প্রশ্ন প্রদত্ত বাক্যটি affirmative এ আছে, তাই Tag question Negative হবে এবং বাক্যটি Present indefinite tense হওয়ায় Subject ও Tense অনুসারে auxiliary verb অনুযায়ী সঠিক tag হবে - isn't he.

- Complete sentence: He is a liar, isn't he?

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

# ১৬তম শিক্ষক নিবন্ধন (NTRCA) পরীক্ষা - ২০১৯ (কলেজ পর্যায়)

১) বাংলা ভাষার ইতিবৃত্ত গ্রন্থের রচয়িতা কে?
ক) মুহম্মদ শহীদুল্লাহ খ) দীনেশচন্দ্র সেন
গ) সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ) সুকুমার সেন
সঠিক উত্তরঃ ক) মুহম্মদ শহীদুল্লাহ
• ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন শিক্ষাবিদ, সাহিত্যিক ও ভাষাতত্ত্ববিদ।
- ১৮৮৫ সালের ১০ জুলাই পশ্চিমবঙ্গের চব্বিশ পরগনা জেলার পেয়ারা গ্রামে তাঁর জন্ম।
- ১৯৫৯ সালে প্রকাশিত 'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' রচনা করেন ড. মুহম্মদ শহীদুল্লাহ।
• তাঁর ভাষা ও সাহিত্যবিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ,
- ভাষা ও সাহিত্য
- বাঙ্গালা ব্যাকরণ
- বাংলা সাহিত্যের কথা
- বাংলা সাহিত্যের ইতিহাস ইত্যাদি।
এছাড়া তিনি বাংলা একাডেমির 'আঞ্চলিক ভাষার অভিধান' সম্পাদনা করেন।
উৎস: বাংলাপিডিয়া।

২) বাক্যে কোন যতি চিহ্নটি থাকলে থামার প্রয়োজন নেই?
ক) কোলন খ) সেমিকোলন
গ) হাইফেন ঘ) ড্যাস
সঠিক উত্তরঃ গ) হাইফেন
বাক্যের অর্থ সুস্পষ্টভাবে প্রকাশ করার জন্য বাক্য উচ্চারণের সময় বাক্যের মাঝে ও শেষে বিরতি দিতে হয়।
এই বিরতির পরিমাণ প্রয়োজন অনুযায়ী কম-বেশি হয়ে থাকে। আবার বাক্য উচ্চারণের সময় বিভিন্ন আবেগের জন্য উচ্চারণ বিভিন্ন হয়ে থাকে। বাক্যটি লেখার সময় এই বিরতি ও আবেগের ভিন্নতা প্রকাশ করার জন্য যেই চিহ্নগুলো ব্যবহার করা হয়, তাদেরকে বিরাম চিহ্ন বা যতি চিহ্ন বা ছেদ চিহ্ন বলে।
হাইফেন এর বিরতিকাল - হাইফেন এর জন্য থামার প্রয়োজন নেই।
- ইলেক বা লোপ চিহ্নের জন্য ও থামার প্রয়োজন নেই।
- কমা - ১ (এক) বলতে যে সময় প্রয়োজন।
- সেমিকোলন - ১ বলার দ্বিগুণ সময়।
- দাঁড়ি - এক সেকেন্ড
- প্রশ্নবোধক চিহ্ন - এক সেকেন্ড। ইত্যাদি।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

৩) 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন?
ক) কাজী নজরুল ইসলাম খ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) প্রমথ চৌধুরী
সঠিক উত্তরঃ খ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক ঈশ্বরচন্দ্র গুপ্ত।
- এটি বাংলা ভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা।
- তিনি ১৮৩১ সালে সংবাদ প্রভাকর (সাপ্তাহিক) পত্রিকা প্রতিষ্ঠা করেন।
- ১৮৩৯ সাল থেকে এটি দৈনিক পত্রিকায় হিসেবে আত্মপ্রকাশ করে।
এছাড়াও তিনি আরও কিছু পত্রিকা সম্পাদনা করেন
- সংবাদ রত্নাবলী, পাষণ্ডপীড়ণ, সংবাদ সাধুরঞ্জন ।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর এবং বাংলাপিডিয়া।

৪) 'পানি' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক) বারিধি খ) নলিনী
গ) অপ ঘ) পয়ঃ
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
• পানি শব্দের প্রতিশব্দ: জল, সলিল, নীর, পয়ঃ, বারি, অপ, উদক, জীবন, অম্বু, অম্ভঃ ইত্যাদি।
- 'বারিধি' শব্দের সমার্থক শব্দ 'সাগর'।
- 'নলিনী' শব্দের সমার্থক শব্দ পদ্মফুল।
একাধিক উত্তর থাকায়, বাতিল করা হলো।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

৫) কোন বানানটি শুদ্ধ?
ক) মুমুর্ষু খ) মুমূর্ষু
গ) মূমুর্ষু ঘ) মূমূর্ষু
সঠিক উত্তরঃ খ) মুমূর্ষু
সঠিক বানান - গ) মুমূর্ষু
মুমূর্ষু (বিশেষণ):
- এটি সংস্কৃত ভাষা থেকে আগত শব্দ।
অর্থ -
- মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন, মৃতপ্রায়।
উৎস: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান।

৬) 'ধামাধরা' বাগধারাটির অর্থ কী?
ক) যথেচ্ছাচারী খ) বক ধার্মিক
গ) তোষামোদকারী ঘ) কদরহীন লোক
সঠিক উত্তরঃ গ) তোষামোদকারী

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

'ধামাধরা' বাগধারাটির অর্থ = তোষামোদকারী
উদাহরণ- তোমার মতো এমন ধামাধরা লোক আর একজনও দেখি নি।
'বক ধার্মিক' বাগধারার অর্থ = ভণ্ড সাধু।
'ফেকলু পার্টি' বাগধারাটির অর্থ = কদরহীন লোক
'ধর্মের ষাঁড়' বাগধারার অর্থ = যথেচ্ছাচারী
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

৭) 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়-
ক) √দর্শন + ইয় খ) √দৃশ্ + অনীয়
গ) √ দৃশ্য + নীয় ঘ) √দর্শন + ঈয়
সঠিক উত্তরঃ খ) √দৃশ্ + অনীয়
দর্শনীয় (বিশেষণ)
- সংস্কৃত শব্দ
- প্রকৃতি প্রত্যয় = √দৃশ্ + অনীয়
অর্থ:
- দেখার যোগ্য, দেখা উচিত এমন।
- সুন্দর।
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

৮) 'সাথী' শব্দটি কোন লিঙ্গ?
ক) পুংলিঙ্গ খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীব লিঙ্গ `ঘ) উভয় লিঙ্গ
সঠিক উত্তরঃ ঘ) উভয় লিঙ্গ
বাংলা ব্যাকরণে লিঙ্গকে চার ভাগে ভাগ করা হয়েছে। এ চার প্রকার লিঙ্গ হলো
ক) পুংলিঙ্গ
খ) স্ত্রীলিঙ্গ
গ) ক্লীবলিঙ্গ ও
ঘ) উভয়লিঙ্গ
যেসব শব্দের সাহায্যে পুরুষ ও স্ত্রী লিঙ্গ উভয়ই বোঝায় তাদেরকে উভয়লিঙ্গ বলে,
উভয়লিঙ্গের উদাহরণ- শিল্পী, ডাক্তার, শিশু, কবি ইত্যাদি।
'সাথী' শব্দটি দ্বারা পুরুষ ও স্ত্রী উভয় বোঝায়, তাই 'সাথী' শব্দটি উভয় লিঙ্গ।
উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

৯) 'সাপের খোলস' এক কথায় প্রকাশ-
ক) কৃত্তি খ) নির্মোক
গ) অজিন ঘ) করভ
সঠিক উত্তরঃ খ) নির্মোক
'সাপের খোলস' এর এক কথায় প্রকাশ = নির্মোক।
অন্যদিকে,
বাঘের চামড়া = কৃত্তি।
হরিণের চামড়া - অজিন।
হাতির শাবক- করভ।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

১০) "রাজায় রাজায় লড়াই করছে" - এ বাক্যতে 'রাজায় রাজায়' কী?
ক) প্রযোজক কর্তা খ) মুখ্য কর্তা
গ) ব্যতিহার কর্তা ঘ) নিজন্ত কর্তা
সঠিক উত্তরঃ গ) ব্যতিহার কর্তা
কর্তৃকারক বাক্যের ক্রিয়া সম্পাদনের বৈচিত্র্য বা বৈশিষ্ট্য অনুযায়ী চার প্রকার হয়ে থাকে।
যথা
-মুখ্য কর্তা
- প্রযোজক কর্তা, প্রযোজ্য কর্তা, ব্যতিহার কর্তা
ব্যতিহার কর্তা : কোনো বাক্যে দুটো কর্তা একত্রে একজাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে।
যেমন: রাজায়-রাজায় লড়াই, বাঘে-মহিষে একঘাটে জল খায়।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

১১) 'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?
ক) ষ্+ণ খ) ষ+ন
গ) ষ+ঞ ঘ) ষ+ঙ
সঠিক উত্তরঃ ক) ষ্+ণ
'উষ্ণ' শব্দটির যুক্তব্যঞ্জনে ষ্ণ আছে।
ষ্ণ যুক্তব্যঞ্জনে ষ্ + ণ আছে।
ষ্ণ-সহযোগে গঠিত কয়েকটি শব্দ- কৃষ্ণ, কৃষ্ণচূড়া, তৃষ্ণা, উষ্ণ ইত্যাদি।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, সৌমিত্র শেখর।

১২) কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?
ক) ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ) ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
গ) ভিক্ষুককে ভিক্ষা দাও ঘ) কোনটিই নয়
সঠিক উত্তরঃ গ) ভিক্ষুককে ভিক্ষা দাও
সম্প্রদান কারক সংজ্ঞা : যাকে স্বত্ব ত্যাগ করে কে কোনো কিছু দান বা সাহায্য করা হয়, তাকে বলা হয় সম্প্রদান কারক।
- দানের সঙ্গে সম্প্রদানের একটি সম্পর্ক রয়েছে।
- কারণ কোনো কিছু দিয়ে যদি আবার ফেরত নেয়া হয় তবে তা সম্পদান কারক হয় না।
যেমন
- ভিক্ষারীকে ভিক্ষা দাও।
- সংসারে কল্যাণ দান কর।
- গুরুজনে কর নতি।
- অন্ধজনে দেহ আলো।
'ভিক্ষুককে ভিক্ষা দাও' - বাক্যে সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির প্রয়োগ ঘটেছে।
উৎস: মাধ্যমিক বাংলা ২য় পত্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

১৩) 'প্রসারণ' এর বিপরীত শব্দ-
ক) সম্প্রসারণ খ) বিবর্ধন
গ) আকুঞ্চন ঘ) আকর্ণন
সঠিক উত্তরঃ গ) আকুঞ্চন

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

'প্রসারণ' এর বিপরীত শব্দ- 'আকুঞ্চন'
গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ:
প্রসন্ন - বিষণ্ণ
প্রসারণ - সংকোচন
ব্যক্ত - প্রচ্ছন্ন
প্রাচীন - অর্বাচীন
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

১৪) কোনটি ফারসি শব্দ?
ক) চাবি খ) চাকর
গ) চাহিদা ঘ) চশমা
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
• চশমা (বিশেষ্য)
- ফারসি শব্দ
অর্থ: ক্ষীণদৃষ্টি শক্তি সংশোধনের উদ্দেশ্যে নাকের ওপর ধারনীয় ফ্রেমে আটা কাচ আ প্লাস্টিকের পরকলাযুক্ত সরঞ্জাম, উপনেত্র।
• চাকর (বিশেষ্য)
- ফারসি শব্দ
অর্থ: পরিচারক, কর্মচারী।
• চাবি = পর্তুগিজ শব্দ
• চাহিদা = বাংলা শব্দ
একাধিক উত্তর থাকায় প্রশ্নটি বাতিল করা হলো।
উৎস: আধুনিক বাংলা অভিধান, বাংলা একাডেমি।

১৫) কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
ক) বড় দাদা > বড়দা খ) কিছু > কিচ্ছু
গ) পিশাচ > পিচাশ ঘ) মুক্তা > মুকুতা
সঠিক উত্তরঃ গ) পিশাচ > পিচাশ
ধ্বনি বিপর্যয়: শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে।
- এতে দুটি বর্ণের মধ্যে জায়গা পরিবর্তন হয়।
যেমন - পিশাচ > পিচাশ, লাফ> ফাল, বাক্স > বাস্ক, রিকসা > রিস্কা ইত্যাদি।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

১৬) 'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি?
ক) কৃত যে বিদ্য খ) কৃত যে বিদ্যা
গ) কৃত বিদ্যা যার ঘ) কৃত হয়েছে যার বিদ্যা
সঠিক উত্তরঃ গ) কৃত বিদ্যা যার
• যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বুঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে।
কৃতবিদ্য - কৃত বিদ্যা যার
ঘরমুখো - ঘরের দিকে মুখ যার
ঈষদোজ্জ্বল - ঈষৎ উজ্জ্বল যা
বহুব্রীহি - বহু ব্রীহি আছে যার
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

১৭) কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে?
ক) অব্যয়ীভাব খ) বহুব্রীহি
গ) দ্বন্দ্ব ঘ) কর্মধারয়
সঠিক উত্তরঃ ঘ) কর্মধারয়
• কর্মধারয় সমাস- যে সমাসে পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে কর্মধারয় সমাস বলে।
যেমন,
গোলাপ নামের ফুল= গোলাপফুল।
• দ্বন্দ্ব সমাস- দ্বন্দ্ব সমাসে পূর্বপদ ও পরপদ উভয় পদের অর্থের সমান প্রাধান্য থাকে।
যেমন-
'সোনা-রূপা' সমস্ত পদের ব্যাসবাক্য সোনা ও রূপা।
• বহুব্রীহি সমাস- যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে।
যেমন,
লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি।
• পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়ের অর্থই প্রধান হয়, তবে থাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে পূর্বপদের অর্থ প্রধান হয়।
যেমন : উপকূল = কূলের সমীপে, প্রতিদিন = দিন দিন ইত্যাদি।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

১৮) 'যারা বাইরে ঠাট বজায় রেখে চলে।' - এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?
ক) ব্যাঙের আধুলি খ) লেফাফা দুরস্ত
গ) রাশভারি ঘ) ভিজে বেড়াল
সঠিক উত্তরঃ খ) লেফাফা দুরস্ত
লেফাফা দুরস্ত বাগধারাটির অর্থ 'পরিপাটি/যারা বাইরে ঠাট বজায় রেখে চলে।
অন্যদিকে,
ব্যাঙের আধুলি = সামান্য পুজি হলেও যা গর্বের
রাশভারি = গম্ভীর
ভিজে বিড়াল = কপটচারী।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

১৯) যোগরূঢ় শব্দ কোনটি?
ক) বাঁশি খ) তৈল
গ) পঙ্কজ ঘ) চিকামারা
সঠিক উত্তরঃ গ) পঙ্কজ

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে তাদের যোগরূঢ় শব্দ বলে।
যেমন-
- জলধি: 'জল ধারণ করে এমন' অর্থ পরিত্যাগ করে একমাত্র 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয়।
- মহাযাত্রা: 'মহাসমারোহে যাত্রা' অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দরূপে অর্থ 'মৃত্যু'।
- রাজপুত: 'রাজার পুত্র' অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতি বিশেষ'।
- পঙ্কজ: পঙ্কে জন্মে যা। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু 'পঙ্কজ' শব্দটি একমাত্র 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয়।
অন্যদিকে,
- সন্দেশ, প্রবীণ, তৈল, বাঁশি, গবেষণা, হস্তী রূঢ়ি শব্দের উদাহরণ।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি।

২০) কোনটি সমার্থক শব্দ নয়?
ক) পাবক খ) পবন
গ) বহ্নি ঘ) অনল
সঠিক উত্তরঃ খ) পবন
'আগুন' শব্দের সমার্থক শব্দ অগ্নি, অনল, পাবক, বহ্নি, হুতাশন, অনল ইত্যাদি।
'পবন' শব্দের অর্থ অনিল বা বাতাস।
উৎস: ভাষা-শিক্ষা, ড. হায়াৎ মামুদ।

২১) নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক) কারো ফাগুন মাস, কারো সর্বনাশ
খ) সে প্রাণিবিদ্যায় দুর্বল
গ) আগত শনিবার কলেজ বন্ধ থাকবে
ঘ) বিধি লজ্ঘিত হয়েছে
সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।
শুদ্ধ বাক্য:
- বিধি লঙ্ঘিত হয়েছে
- সে প্রাণিবিদ্যায় দুর্বল
'কারো ফাগুন মাস, কারো সর্বনাশ' এর শুদ্ধ রূপ = কারো পৌষ মাস, কারো সর্বনাশ
'আগত শনিবার কলেজ বন্ধ থাকবে' এর শুদ্ধ রূপ = আগামী শনিবার কলেজ বন্ধ থাকবে
একাধিক উত্তর থাকায় প্রশ্ন বাতিল করা হলো।

২২) সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়?
ক) কে, রে খ) প্রথমা, শূন্য
গ) র, এর ঘ) এ, তে
সঠিক উত্তরঃ গ) র, এর
সম্বন্ধ পদে 'র' বা 'এর' বিভক্তি যুক্ত হয়ে থাকে।
-ক্রিয়াপদের সঙ্গে সম্পর্ক না রেখে যে নামপদ বাক্যস্থিত অন্য পদের সঙ্গে সম্পর্কযুক্ত হয়, তাকে সম্বন্ধ পদ বলে।
যেমন—মতিনের ভাই বাড়ি যাবে।
সম্বন্ধ পদের বিভক্তি:
- সম্বন্ধ পদে 'র' বা 'এর' বিভক্তি যুক্ত হয়ে থাকে। যথা : আমি + র = আমার (ভাই), খালিদ + এর = খালিদের (বই)।
উৎস: বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি (২০১৯ সংস্করণ)।

২৩) কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ?
ক) শুভেচ্ছা খ) সংবাদ
গ) প্রত্যেক ঘ) অতীত
সঠিক উত্তরঃ খ) সংবাদ
সম্+বাদ = সংবাদ; ব্যঞ্জন সন্ধির উদাহরণ।
অন্যদিকে,
শুভ + ইচ্ছা = শুভেচ্ছা = স্বরসন্ধির উদাহরণ।
প্রতি+এক = প্রত্যেক = স্বরসন্ধির উদাহরণ।
অতি + ইত = অতীত = স্বরসন্ধির উদাহরণ।
উৎস: মাধ্যমিক বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (২০২২ সংস্করণ)।

২৪) 'ইউসুফ জোলেখা' কী জাতীয় রচনা?
ক) নাটক খ) উপন্যাস
গ) রোমান্টিক প্রণয় কাব্য ঘ) রম্যরচনা
সঠিক উত্তরঃ গ) রোমান্টিক প্রণয় কাব্য
• বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি শাহ মুহম্মদ সগীর।
- তাঁর রচিত একটি রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ জুলেখা'।
- গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে এ কাব্য রচনা করেন।
- পরবর্তীতে মধ্যযুগের আরো অনেক কবি ইউসুফ জুলেখা নাম দিয়ে কাব্য রচনা করেছেন।
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড. সৌমিত্র শেখর।

২৫) কায়কোবাদের প্রকৃত নাম কী?
ক) কাজেম আল কোরেশী খ) আবু নাসের কায়কোবাদ
গ) কায়কোবাদ ইসলাম ঘ) আবুল হোসেন কায়কোবাদ
সঠিক উত্তরঃ ক) কাজেম আল কোরেশী
• কায়কোবাদ আধুনিক বাংলা মহাকাব্য ধারার শেষ কবি।
- তাঁর প্রকৃত নাম মোহাম্মদ কাজেম আল কোরেশী, 'কায়কোবাদ' তাঁর সাহিত্যিক ছদ্মনাম।
- কায়কোবাদের প্রথম কাব্যগ্রন্থ 'বিরহ বিলাপ'
- কবি বলেছেন 'আমি যখন বার বৎসর বয়স্ক বালক সেই সময় আমার বিরহ- বিলাপ নামক ক্ষুদ্র কাব্য প্রকাশিত হয়।'
-কায়কোবাদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'মহাশ্মশান'
উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, ড.সৌমিত্র শেখর

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

২৬) Choose the correct sentence:
ক) I know what does he want?
খ) I know what does he wants?
গ) I know what does he want.
ঘ) I know what he wants.
সঠিক উত্তরঃ ঘ) I know what he wants.
I know what he wants বাক্যটি embedded question structure অনুযায়ী সঠিক।
Embedded question,English Grammar এর এমন একটি নিয়ম যেখানে একটি affirmative sentence বা হ্যা বোধক ব্যাক্যের মধ্যে একটি interrogative বা প্রশ্নবোধোক বাক্য সন্নিবেশিত করা হয়।
Embedded question সাধারনত Introductory phrases যেমন i know, do you know, Can you remember, Let's ask, We need to find out, I'd like to know, I'm not sure, Would you mind explaining ইত্যাদি এরপর বসে।
Embedded question এর structure হলোঃ
Introductory phrases + question word + sub + sub এবং tense অনুযায়ী verb।
২৭) Which is the correct use of gerund?
ক) I saw the girl dancing
খ) I am dancing on the floor
গ) Dancing is a good exercise
ঘ) The girl came here dancing
সঠিক উত্তরঃ গ) Dancing is a good exercise
- Dancing is a good exercise বাক্যে gerund এর সঠিক প্রয়োগ হয়েছে।
- Verb এর সাথে ing যুক্ত হয়ে যদি যৌথভাবে Verb এবং noun এর কাজ করে এবং বাক্যের শুরুতে subject হিসাবে বসে, তবে তা Gerund / Verbal Noun হিসেবে বিবেচ্য হবে।
- প্রদত্ত বাক্যে Dancing(Dance + ing) বাক্যে subject হিসেবে বসে যৌথভাবে Verb এবং noun এর কাজ করেছে।

২৮) The correctly spelt word is -
ক) Millennium খ) Milennium
গ) Milenium ঘ) Millinium
সঠিক উত্তরঃ ক) Millennium
Millennium is the correctly spelt word.
Millennium (noun)
অর্থ
(১) সহস্রাব্দ; বর্ষসহস্রক।
(২) (লাক্ষণিক) সবার জন্য অপরিমিত সুখসমৃদ্ধিপূর্ণ ভাবীকল; অনাগত স্বর্ণযুগ।
উৎস: বাংলা একাডেমি অভিধান।
২৯) Which one is a correct sentence?
ক) He is comparativelty better today?
খ) He is a good day than before.
গ) He is better today.
ঘ) He is best today than yesterday.
সঠিক উত্তরঃ গ) He is better today.
- Better হলো well এবং good - এর comparative form।
- সুতরাং better - এর পূর্বে more বা comparatively বসানো যাবে না।
আর comparative বাক্যে good এবং best এর ব্যবহার ভুল।
অতএব, সঠিক বাক্যটি হলো He is better today.
৩০) The word 'Homely' is-
ক) Noun খ) Adverb
গ) Verb ঘ) Adjective
সঠিক উত্তরঃ ঘ) Adjective
Noun + ly = Adjective.
প্রশ্নে উল্লেখিতHomely শব্দটির মূল শব্দ হচ্ছে Home যা একটি Noun এবং এর শেষে ly যুক্ত হয়ে Homely Adjective হয়েছে।
৩১) What you (do) at this moment? The correct form of verb is-
ক) do you do খ) doing
গ) are you doing ঘ) have done
সঠিক উত্তরঃ গ) are you doing
At this moment, now, right now, gradually, step by step ইত্যাদি হচ্ছে present continuous tense indicator বা নির্দেশক।
অর্থাৎ বাক্যে At this moment, now, right now নির্দেশক শব্দগুলো থাকলে বাক্যটি সাধারণত present continuous tense এ হয়।
Present Continuous tense টির WH question যুক্ত interrogative বাক্যের গঠন :
wh question + am/is/are + sub + verb + ing + extension + question mark.
সুতরাং, সঠিক expressionটি হলো are you doing ।
৩২) Choose the correct answer:
ক) He gave me good-bye.
খ) He bade me good-bye.
গ) He told me good-bye.
ঘ) He wished me good-bye.
সঠিক উত্তরঃ খ) He bade me good-bye.
সঠিক উত্তর He bade me good-bye.
এর অর্থ তিনি আমাকে শুভ বিদায় জানালেন।

মনে রাখতে হবে বিদায়কালীন সম্ভাষন- Good - bye, good night, farewell ইত্যাদির সাথে Bid/Bade এবং সাক্ষাৎকালীন সম্ভাষন এর ক্ষেত্রে wish ব্যবহৃত হয়।

৩৩) The word 'adulteration' can be best explained as-
ক) to mix something intensely
খ) to use unusual methods
গ) to make impure by adding inferior ingredients
ঘ) to mix poison
সঠিক উত্তরঃ গ) to make impure by adding inferior ingredients
To make impure by adding inferior ingredients দ্বারা বোঝানো হয়েছে নিম্নমানের উপাদান যোগ করে অবিশুদ্ধ করা।
Adulteration এর বাংলা অর্থ ভেজাল দেওয়া/ মেশানো; দূষিত /অপকৃষ্ট/হীনমূল্য করা।
সুতরাং, Adulteration can be best explained as to make impure by adding inferior ingredients.
উৎস: বাংলা একাডেমি অভিধান

৩৪) It is high time we (change) our food habit. Here the correct form verb is-
ক) changed খ) have changed
গ) should have changed ঘ) should change
সঠিক উত্তরঃ ক) changed
- It is time/It is high time থাকলে আর এর পর subject বসলে subject - এরপরের verb টি past form হয়।
- It is high time we (change) our food habit এর সঠিক verb হবে changed.
কারন it is high time এর পরে subject – we এসেছে এবং তার পরে change verb হিসেবে এসেছে।
তাই ঐ verb change এর past form changed হবে।
It is time ও It is high time এর পরে subject না এসে, কোন verb আসলে ঐ verb এর infinitive form হবে।
যেমনঃ It is high time to change our attitude.

৩৫) Five litres of milk is contained _____ the pot.
ক) by খ) to
গ) in ঘ) at
সঠিক উত্তরঃ গ) in
- প্রশ্নে উল্লেখিত বাক্যে by,to,at preposition গুলো ব্যবহার করলে বাক্যের অর্থ ঠিক থাকে না।
- In যোগে Five liters of milk is contained in the pot - বাক্যটির বাংলা অর্থ পাত্রটির অভ্যন্তরে পাঁচ লিটার দুধ আছে।
- কোন কিছুতে পরিপূর্ণ থাকা অর্থে contain এর পর in বসে।

৩৬) I could not go _____ for the examination due to rain.
ক) in খ) by
গ) to ঘ) on
সঠিক উত্তরঃ ক) in
go in for বা go in for something অর্থ হচ্ছে পরীক্ষা দেওয়া বা প্রতিযোগিতায় নামা।
প্রশ্নে উল্লেখিত বাক্যটিতে I could not go _____ for the examination due to rain দ্বারা বৃষ্টির কারনে পরীক্ষা দিতে পারিনি এমন বোঝানো হয়েছে।
যেহেতু বাক্যে পরীক্ষা বা প্রতিযোগিতার কথা উল্লেখ করা হয়েছে তাই শূন্যস্থানে in বসেছে।
উৎস: বাংলা একাডেমি অভিধান

৩৭) The phrase 'at loggerheads' means-
ক) very close খ) belligerent
গ) quarreling ঘ) distant relation
সঠিক উত্তরঃ গ) quarreling
- at loggerheads অর্থ মতানৈক্য অথবা ঝগড়া-বিবাদ।
- Very close অর্থ খুব নিকটে।
- Belligerent অর্থ যুদ্ধরত বা যুধ্যমান।
- Distant relation বলতে বোঝায় দূর সম্পর্কিত ।
এবং Quarreling অর্থ মতানৈক্য বা ঝগরা বিবাদে মত্ত এমন।
সুতরাং অর্থগত দিক থেকে the phrase 'at loggerheads' means quarreling.

৩৮) Hurry spoils _____________.
ক) the work খ) the curry
গ) to tarry ঘ) and scary
সঠিক উত্তরঃ খ) the curry
Hurry spoils the curry একটি প্রবাদ ।
এর অর্থ তাড়াতাড়ি কোনো কাজ ভালো হয় না।

৩৯) __________ water of this lake is pure.
ক) a খ) an or the
গ) the ঘ) no article
সঠিক উত্তরঃ গ) the
সঠিক উত্তর হচ্ছে The water of this lake is pure.
Water মূলত একটি material noun.
Material noun এর পুর্বে সাধারনত article the বসে না।
কিন্তু নির্দিষ্ট অর্থে material noun ব্যবহৃত হলে এর পূর্বে the বসবে।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

প্রশ্নে উল্লেখিত বাক্যে নির্দিষ্ট একটি লেকের পানির কথা বলা হয়েছে বিধায় water এর পূর্বে the বসেছে।

৪০) I wanted the poster ________

ক) hand খ) to be hanged

গ) to be hunged ঘ) to be hung

সঠিক উত্তরঃ ঘ) to be hung

সঠিক উত্তর I wanted the poster to be hung যার বাংলা অর্থ আমি পোস্টারটি ঝুলাতে চেয়েছিলাম।

Hang অর্থ ঝুলানো। এর past participle form হচ্ছে hung।

I wanted the poster to be hung বাক্যটি passive হওয়াতে to + be + Past participle এর নিয়মানুযায়ী to be hung হয়েছে।

৪১) "Leave no stone unturned" means-

ক) heavy stone খ) impossible

গ) rare stone ঘ) try every possible means

সঠিক উত্তরঃ ঘ) try every possible means

'Leave no stone unturned' একটি প্রবাদ যার অর্থ কোনো কাজ করার জন্য সকল প্রকার প্রচেষ্টা নেয়া।

Heavy stone অর্থ ভারী পাথর।

impossible অর্থ অসম্ভব আর rare stone অর্থ দুর্লভ পাথর।

try every possible means অর্থ প্রতিটি সম্ভাব্য উপায় চেষ্টা করা।

সুতরাং, অর্থগত দিক থেকে try every possible means হলো সঠিক উত্তর।

৪২) Would you mind ____ me a cup of tea?

ক) giving খ) make

গ) bringing ঘ) bring

সঠিক উত্তরঃ ক) giving

বিনীত অনুরোধ প্রকাশে would you mind বাক্যের শুরুতে বসে এবং এর structure :

Would you mind + verb + ing + বাকি অংশ।

আবার কোনো বাক্যে mind,can not help, could not help, with a view to, look forward to, be used to, get used to, worth ইত্যাদি শব্দসমূহের পর কোনো verb বসলে সেই verb এর সাথে ing যুক্ত হয়।

সুতরাং, সঠিক উত্তর giving.

৪৩) What is the antonym of 'rear'?

ক) Not available খ) Behind

গ) Front ঘ) Available

সঠিক উত্তরঃ গ) Front

- Rear একটি noun word যার অর্থ পিছনের অংশ/দিক; পশ্চাৎ; পশ্চাদ্ভাগ।
- Available এর অর্থ যথাক্রমে পাওয়া যায় বা মেলে এমন; প্রাপ্তিসাধ্য; লভ্য; গ্রহণযোগ্য।
- Behind অর্থ পিছনে।
- Not available অর্থ পাওয়া যায় না বা মেলে না এমন।
- Front অর্থ সম্মুখ; সম্মুখভাগ; মুখ; সদর।

যেহেতু প্রশ্নে Rear এর বিপরীত শব্দ চেয়েছে, সেহেতু অর্থগত দিক থেকে সঠিক উত্তর Front।

৪৪) ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।

ক) The boy came to me crying.

খ) The boy came near me crying.

গ) The boy came to me in crying.

ঘ) The boy came to me by crying.

সঠিক উত্তরঃ ক) The boy came to me crying.

কাঁদতে কাঁদতে, হাসতে হাসতে, নাচতে নাচতে ইত্যাদি চলমান প্রকাশ করা অর্থে সব সময় present participle (verb + ing) হয়।

The boy came to me crying এর অর্থ 'ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এলো' বাক্যটিতে কাঁদতে কাঁদতে দ্বারা একটি চলমান কাজ বোঝানো হয়েছে, তাই Verb cry এর সাথে ing যুক্ত হয়েছে।

কারো কাছে আসা বোঝাতে come to somebody ব্যবহার করতে হয়।

অতএব, নিয়মানুযায়ী The boy came to me crying এই বাক্যটি সঠিক।

৪৫) Had I riches, I _____ (help) you.

ক) would helped খ) would have helped

গ) had helped ঘ) will help

সঠিক উত্তরঃ বাতিল করা হয়েছে।

'riches' এখানে Noun, যার অর্থ সম্পদ। অর্থাৎ Had I riches অংশটি হলো Past simple.

Past simple হওয়াতে ইহা second conditional হবে।

2nd Conditional এর নিয়মানুসারে,

If + Past Simple + Future in Past ( S+would/might/could + Base Form of the Verb)

এখানে had কে Subject এর আগে বসিয়ে If কে উহ্য করে দেয়া হয়েছে।

had এর পর যেহেতু কোনো Past Participle নেই, তাই এটাকে 3rd Conditional মনে করা যাবে না।

2nd Conditional অনুযায়ী ২য় অংশ হবে -

Sub+ would/ could/ might + Verb এর Base Form + Ex.

অতএব, পূর্ণাঙ্গ বাক্যটি হবে Had I riches, I would help you.

যেমন : Had he enough opportunity, He could be a doctor.

নিম্নের বাক্যটি 3rd condition অনুসরণ করে

Had I been rich, I would have helped the poor.

Conditional sentence এ Had + Sub + V3 + Ext. এভাবে কোন sentence শুরু হলে সেটি Perfect conditional/ 3rd conditional হয়।

যেহেতু অপশনে সঠিক উত্তর নেই, তাই তা বাতিল করা হল।

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৪৬) What is the appropriate meaning of "Achilles heel"?
ক) Important issue　　খ) Turning Point
গ) Vulnerable Point　　ঘ) Main point
সঠিক উত্তরঃ গ) Vulnerable Point
Achilles heel
English Meaning: a weakness or vulnerable point.
Bangla Meaning: দুর্বল বা ঝুঁকিপূর্ণ স্থান
Ex. Sentence: Maths has always been my Achilles heel.
Bangla Meaning: গণিত সর্বদাই আমার বড় দুর্বলতা ছিল।
Source: Live MCQ Lecture

৪৭) 'লেবু কচলালে তেতো হয়' - The best translation is-
ক) The lemon becomes bitter if it is rubbed.
খ) A jest driven hard, loses its points.
গ) A hungry fox is an angry fox.
ঘ) Don't try to do anything again and again.
সঠিক উত্তরঃ খ) A jest driven hard, loses its points.
লেবু কচলালে তেতো হয় একটি বাংলা প্রবাদ বাক্য যার সঠিক ইংরেজি অনুবাদ হলঃ
A jest driven hard, loses its points.

৪৮) Which one below is a correct sentence?
ক) The have seen me yesterday.
খ) I like his childlike simplicity.
গ) It is I who is to blame.
ঘ) The girl resembles to her mother.
সঠিক উত্তরঃ খ) I like his childlike simplicity.
They have seen me yesterday - এই বাক্যে past time indicator word 'yesterday' আছে তাই auxiliary verb টি have seen না হয়ে past tense- এ হলে বাক্যটি সঠিক হত।
It is I who is to blame - It is I who এর পর am হলে বাক্যটি সঠিক হত।
The girl resembles to her mother - resembles এর পর কখনো to বসে না।
সুতরাং, 'I like his childlike simplicity' হলো সঠিক উত্তর।

৪৯) At the scene, ___________ mother arose in her.
ক) a　　খ) the
গ) a or the　　ঘ) no article
সঠিক উত্তরঃ খ) the
বাক্যটিতে mother এর পর preposition in থাকায় বোঝা যায় যে বাক্যটিতে mother দ্বারা মা না বুঝিয়ে মাতৃস্নেহ বা মাতৃত্ব নির্দেশ করছে।
সুতরাং, mother দ্বারা মা না বুঝিয়ে মাতৃস্নেহ বা মাতৃত্ব নির্দেশ করলে mother - এর পূর্বে the ব্যবহৃত হবে।
আরও কয়েকটি উদাহরণ হলো - the father (পিতৃত্ব), the beast (পশুত্ব)।

৫০) What is the verb form of the word 'friend'?
ক) friend　　খ) friended
গ) friending　　ঘ) befriend
সঠিক উত্তরঃ ঘ) befriend
Friend অর্থ বন্ধু যা একটি noun.
এর verb হচ্ছে befriend যার অর্থ কাউকে বন্ধু হিসেবে গ্রহণ করা।
Be prefix যুক্ত হয়ে এটি noun থেকে verb হয়েছে।

৫১) ৮৮, ৯১, ৯৫ এবং ৯৯ সংখ্যাগুলোর মধ্যে কোন সংখ্যাটির সর্বোচ্চ সংখ্যক উৎপাদক রয়েছে?
ক) ৮৮　　খ) ৯১
গ) ৯৫　　ঘ) ৯৯
সঠিক উত্তরঃ ক) ৮৮
৮৮ = ২ × ২ × ২ × ১১
　= ২৩ × ১১
∴ ভাজক সংখ্যা = ( ৩ + ১) × (১ + ১) = ৮
৯১ = ৭ × ১৩
∴ ভাজক সংখ্যা = ( ১ + ১) × (১+১) = ৪
৯৫ = ৫ × ১৯
∴ ভাজক সংখ্যা = ( ১ + ১) × (১+১) = ৪
৯৯ = ৩ × ৩ × ১১
　= ৩২ × ১১
∴ ভাজক সংখ্যা = ( ২ + ১) × (১ + ১) = ৬
সুতরাং ৮৮ এর সর্বোচ্চ ভাজক সংখ্যা আছে।

৫২) পানিভর্তি একটি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানিভর্তি হলে তার ওজন দাঁড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত?
ক) ৫ কেজি　　খ) ৭ কেজি
গ) ২ কেজি　　ঘ) ১ কেজি
সঠিক উত্তরঃ গ) ২ কেজি
বালতি + পানি = ১২ কেজি
অর্ধেক পানিভর্তি বালতির ওজন = ৭ কেজি
বাকি অর্ধেক পানির ওজন = ১২ - ৭ = ৫ কেজি
বালতির ওজন + অর্ধেক পানির ওজন = ৭ কেজি
　অর্ধেক পানির ওজন = ৫ কেজি
বালতির ওজন = (৭ - ৫) = ২ কেজি

Join Now ▶ GET IT ON Google Play　Download on the App Store　livemcq.com　01701377322

৫৩) একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল এর কতগুণ?

ক) ৩ খ) ৯

গ) ১৮ ঘ) ২৭

সঠিক উত্তরঃ খ) ৯

ধরি,
সরলরেখাটির দৈর্ঘ্য = x
সরলরেখার উপর অঙ্কিত বর্গ = $x^2$
সরলরেখার এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গ = (x/3)2 বা, x2/9
একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গের 9 গুণ।

৫৪) একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার। বাগানের পরিসীমা কত?

ক) ১৬ খ) ২৫

গ) ৪১ ঘ) ৮২

সঠিক উত্তরঃ ঘ) ৮২

আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার

আয়তাকার বাগানের দৈর্ঘ্য = ৪০০/১৬ = ২৫ মিটার

আয়তাকার বাগানের পরিসীমা = ২(২৫ + ১৬) মিটার

= ৮২ মিটার

৫৫) একজন ফল বিক্রেতা প্রতি হালি কলা ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক) ২৪% খ) ১২%

গ) ১৮% ঘ) ১৪%

সঠিক উত্তরঃ খ) ১২%

১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা

২ হালি ডিমের ক্রয়মূল্য ৫০ টাকা

২ হালি ডিমের বিক্রয়মূল্য ৫৬ টাকা

লাভ = ৫৬ - ৫০ = ৬ টাকা

৫০ টাকায় লাভ হয় ৬ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় = (১০০ × ৬)/৫০ = ১২ টাকা

৫৬) ১০% সরল মুনাফায় ২০০০ টাকার ১ বছরের মুনাফা কত টাকা হবে?

ক) ২০০ টাকা খ) ৩০০ টাকা

গ) ৪০০ টাকা ঘ) ১০০ টাকা

সঠিক উত্তরঃ ক) ২০০ টাকা

১০০ টাকার ১ বছরের মুনাফা ১০ টাকা

১ টাকার ১ বছরের মুনাফা ১০/১০০ টাকা

২০০০ টাকার ১ বছরের মুনাফা (২০০০ × ১ × ১০)/১০০ = ২০০ টাকা।

৫৭) 3 cotA = 4 হলে sinA এর মান কত?

ক) 4/5 খ) 3/5

গ) ¾ ঘ) 4/3

সঠিক উত্তরঃ খ) 3/5

দেয়া আছে,
3 cotA = 4
বা, cot = 4/3
বা, cot2A = 16/9
বা, cosec2A - 1 = 16/9
বা, cosec2A = (16/9) + 1
বা, cosec2A = (16 + 9)/9
বা, cosec2A = 25/9
বা, cosecA = 5/3
বা, 1/sinA = 5/3
sinA = 3/5

৫৮) 9p2 + 14p এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

ক) 49/9 খ) 14/9

গ) 7/3 ঘ) 7

সঠিক উত্তরঃ ক) 49/9

9p2 + 14p

(3p)2 + 2 . 3p (7/3) + (7/3)2 - (7/3)2

{3p + (7/3)}2 - 49/9

49/9 যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে

৫৯) m - n = x এবং mn = 6x2 হলে m3 - n3 কত?

ক) 19x2 খ) 19x3

গ) 18x2 ঘ) 18x3

সঠিক উত্তরঃ খ) 19x3

দেয়া আছে

m - n= x

mn = 6x2

m3 - n3 = (m - n)3 + 3mn(m - n)

= x3 + 3. 6x2 .x

= x3 + 18x3

= 19x3

৬০) একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. এবং 8 সে.মি. হলে ক্ষেত্রফল কত হবে?

ক) 24 বর্গ সে.মি. খ) 42 বর্গ সে.মি.

গ) 44 বর্গ সে.মি. ঘ) 45 বর্গ সে.মি.

সঠিক উত্তরঃ ক) 24 বর্গ সে.মি.

দেয়া আছে

সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. এবং 8 সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = (1/2)(6 × 8) বর্গ সেমি

= 24 বর্গ সে.মি.


Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৬১) ΔABC একটি সমবাহু ত্রিভুজ। উহার AB এবং AC বাহুকে বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয়ের সমষ্টি কত?

ক) ৩২০°　　খ) ২৮০°

গ) ২৪০°　　ঘ) ২৯০°

সঠিক উত্তরঃ গ) ২৪০°




ΔABC এ

∠A = ∠B = ∠C = 60°

∠CBE = 120°

∠BCD = 120°

∠CBE + ∠BCD = 120° + 120° = 240°

৬২) x2 - 3x, x2- 9 এবং x2 - 4x + 3 বীজগাণিতিক রাশির গ.সা.গু কত হবে?

ক) x – 4　　খ) x + 3

গ) x – 3　　ঘ) x - 1

সঠিক উত্তরঃ গ) x - 3

১ম রাশি = x2 - 3x

= x(x - 3)

২য় রাশি = x2 - 9

= x2 - 32

= (x + 3)(x - 3)

৩য় রাশি = x2 - 4x + 3

= x2 - 3x - x + 3

= x(x - 3) - 1(x - 3)

= (x - 3)(x - 1)

নির্ণেয় গ.সা.গু = x - 3

৬৩) যদি ax = b, by = c এবং cz = a হয়, তবে xyz এর মান কত হবে?

ক) 2　　খ) 1

গ) -2　　ঘ) -1

সঠিক উত্তরঃ খ) 1

cz = a

⇒ (by)z = a

⇒ (ax)yz = a

⇒ axyz = a

∴ xyz = 1.

৬৪) log10x = - 2 হলে, x এর মান কত হবে?

ক) 0.01　　খ) 0.001

গ) 0.02　　ঘ) 0.002

সঠিক উত্তরঃ ক) 0.01

log10x = - 2

x = 10- 2

x = 1/102

x = 1/100

z = 0.01

৬৫) একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ২৬৪ বর্গমিটার এবং ভূমি ২২ মিটার হলে উচ্চতা কত হবে?

ক) ১২ মিটার　　খ) ১৫ মিটার

গ) ২৪ মিটার　　ঘ) ২৮ মিটার

সঠিক উত্তরঃ গ) ২৪ মিটার

দেয়া আছে,

ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল = ২৬৪ বর্গমিটার

ভূমি = ২২ মিটার

আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল = (১/২) × ভূমি × উচ্চতা

২৬৪ = (১/২) × ২২ × উচ্চতা

১১ × উচ্চতা = ২৬৪

উচ্চতা = ২৬৪/১১

উচ্চতা = ২৪ মিটার

৬৬) x - 1/x = 5 হলে (x + 1/x)2 এর মান কত?

ক) 25　　খ) 27

গ) 28　　ঘ) 29

সঠিক উত্তরঃ ঘ) 29

দেয়া আছে

x - 1/x = 5

আমরা জানি

(x + 1/x)2

= (x - 1/x)2 + 4.x.1/x

= 52 + 4

= 25 + 4

= 29

৬৭) x2 - 4, x2 + 4x + 4 , x3 - 8 বীজগাণিতিক রাশির ল.সা.গু কত?

ক) (x + 2)2(x3 - 8)　　খ) (x - 2)2(x3 - 8)

গ) (x2 - 2)(x3 - 8)　　ঘ) (x2 + 2)(x3 - 8)

সঠিক উত্তরঃ ক) (x + 2)2(x3 - 8)

১ম রাশি = x2 - 4

= x2 - 22

= (x + 2)(x - 2)

২য় রাশি = x2 + 4x +4

= x2 + 2.x.2 + 22

= (x + 2)2

= (x + 2)(x + 2)

৩য় রাশি = x3 - 8

= x3 - 23

Join Now ▶　GET IT ON Google Play　Download on the App Store　livemcq.com　01701377322

= (x - 2) (x2 + 2.x + 22)
= (x - 2)(x2 + 2x + 4)
নির্ণেয় ল. সা. গু = (x + 2)(x + 2)(x - 2)(x2 + 2x + 4)
=(x + 2)2(x3 - 8)

৬৮) x2 + 1/x2 = 3 হলে (x6 + 1)/x3 এর মান কত?

ক) 3√5 খ) 4√5

গ) 2√5 ঘ) √5

সঠিক উত্তরঃ গ) 2√5

দেয়া আছে,

x2 + 1/x2 = 3
(x + 1/x)2 - 2x(1/x) = 3
(x + 1/x)2 - 2 = 3
(x + 1/x)2 = 5
x + 1/x = √5
(x6 + 1)/x3 = x6/x3 + 1/x3
= x3 + 1/x3
= x3 + (1/x)3
= (x + 1/x)3 - 3x(1/x)(x + 1/x)
= (√5)3 - 3√5
= 5√5- 3√5
= 2√5

৬৯) ক : খ= ৪ : ৭, খ : গ = ১০ : ৭ হলে, ক : খ : গ কত হবে?

ক) ৪৯ : ৭০ : ৪০ খ) ৪০ : ৭০ : ৪৯

গ) ৭০ : ৪৯ : ৪০ ঘ) ৪৯ : ৪০ : ৭০

সঠিক উত্তরঃ খ) ৪০ : ৭০ : ৪৯

ক : খ= ৪ : ৭ = ৪ × ১০ : ৭ × ১০ = ৪০ : ৭০

খ : গ = ১০ : ৭ = ১০ × ৭ : ৭ × ৭ = ৭০ : ৪৯

ক : খ : গ = ৪০ : ৭০ : ৪৯

৭০) একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ১ কিলোমিটার ৫০০ মিটার পথ যেতে চাকাটি কতবার ঘুরবে?

ক) ২০০ খ) ২৫০

গ) ৩০০ ঘ) ৩৫০

সঠিক উত্তরঃ গ) ৩০০

গাড়ীর চাকার পরিধি = ৫ মিটার

১ কিলোমিটার ৫০০ মিটার = (১০০০ + ৫০০) মিটার = ১৫০০ মিটার

৫ মিটার যেতে গাড়ির চাকা ঘুরে ১ বার

১ মিটার যেতে গাড়ির চাকা ঘুরে ১/৫ বার

১৫০০ মিটার যেতে গাড়ির চাকা ঘুরে ১৫০০/৫ বার

= ৩০০ বার

৭১) একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত হবে?

ক) 1 বর্গ একক খ) 2 বর্গ একক

গ) π বর্গ একক ঘ) π2 বর্গ একক

সঠিক উত্তরঃ গ) π বর্গ একক
বৃত্তের ব্যাসার্ধ r = 1
বৃত্তের ক্ষেত্রফল = πr2 = π ×12 = π

৭২) কোন বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ-

ক) সূক্ষ্ম কোণ খ) স্থূল কোণ

গ) সমকোণ ঘ) পূরক কোণ

সঠিক উত্তরঃ ক) সূক্ষ্ম কোণ

সমকোণী ত্রিভুজের অতিভুজকে ব্যাস ধরে বৃত্ত অঙ্কন করলে তা সমকৌণিক শীর্ষবিন্দুদিয়ে যাবে।

কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ সূক্ষ্মকোণ।

কোনো বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ স্থূলকোণ।

৭৩) (Sinθ + Cosθ)/(Sinθ - Cosθ) = 7 হলে Secθ এর মান কত?

ক) 5/3 খ) ±5/3

গ) -5/3 ঘ) 3/5

সঠিক উত্তরঃ খ) ±5/3

দেয়া আছে,

(Sinθ + Cosθ)/(Sinθ - Cosθ) = 7

⇒ (Sinθ + Cosθ) + (Sinθ - Cosθ)/(Sinθ - Cosθ) - (Sinθ - Cosθ) = (7 + 1)/(7 - 1)

⇒ (Sinθ + Cosθ + Sinθ - Cosθ)/(Sinθ - Cosθ - Sinθ + Cosθ) = 8/6

⇒ 2Sinθ/2Cosθ = 4/3

⇒ Sinθ/Cosθ = 4/3

⇒ tanθ = 4/3

⇒ tan2θ = 16/9

⇒ Sec2θ - 1 = 16/9

⇒ Sec2θ = (16/9) + 1

⇒ Sec2θ = (16 + 9)/9

⇒ Sec2θ = 25/9

⇒ Sec2θ = (16 + 9)/9

⇒ Sec2θ = 25/9

Secθ = ±5/3

৭৪) x2 - x - 6 = 0 সমীকরণের মূলদ্বয় কত হবে?

ক) 3,2 খ) 3,-2

গ) -3,2 ঘ) -3,-2

সঠিক উত্তরঃ খ) 3,-2

x2 - x - 6 = 0 সমীকরণকে ax2 + bx + c = 0 এর সহিত তুলনা করে পাই,
a = 1; b = - 1; c =- 6
আমরা জানি,
x = {- b ±√(b2 - 4ac)}/2a
x = [- (- 1) ±√{(- 1)2 - 4.1.(- 6)}]/2 .1
x = {1 ± √(1 + 24)}/2
x = (1 ± 5)/2
এখানে
x1 = (1 + 5)/2, x2 = (1 - 5)/2
x1 = 3 , x2 = - 2
সমীকরণের মূলদ্বয় হবে = 3, - 2

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৭৫) রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর। রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর। হামজার বয়স ১১ বছর হলে করিমের বয়স কত?

ক) ৪০ বছর খ) ৪১ বছর
গ) ৪২ বছর ঘ) ৪৩ বছর

সঠিক উত্তরঃ খ) ৪১ বছর

রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর।
রহিম ও হামজার মোট বয়স = ২০ × ২ = ৪০ বছর।
হামজার বয়স = ১১ বছর
রহিমের বয়স = ৪০ - ১১ = ২৯ বছর
রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর
রহিম ও করিমের মোট বয়স = ৩৫ × ২ = ৭০ বছর
করিমের বয়স = ৭০ - ২৯ = ৪১ বছর

৭৬) স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করে কত জন?

ক) ৭ জন খ) ৬৮ জন
গ) ১৭৫ জন ঘ) ৪২৬ জন

সঠিক উত্তরঃ ঘ) ৪২৬ জন

মুক্তিযুদ্ধে অসামান্য অবদান ও বীরত্বের জন্যে ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর বঙ্গবন্ধু সরকার মোট ৬৭৬ জনকে চারটি বীরত্বসূচক খেতাব বা উপাধি প্রদান করে।

এগুলো হলো:
- সর্বোচ্চ খেতাব বীরশ্রেষ্ঠ : ৭জন
- দ্বিতীয় সর্বোচ্চ খেতাব বীরউত্তম : ৬৮ জন
- তৃতীয় সর্বোচ্চ খেতাব বীরবিক্রম : ১৭৫ জন
- চতুর্থ সর্বোচ্চ খেতাব বীরপ্রতীক : ৪২৬জন।

উল্লেখ্য,
- গত ৬ জুন ২০২১ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বঙ্গবন্ধু হত্যার চার আসামীর মুক্তিযুদ্ধে অবদানের জন্যে প্রদত্ত খেতাব বাতিল করে।

এরা হলেন:
- লে. কর্নেল শরিফুল হক ডালিম (বীর উত্তম)
- লে. কর্নেল নূর চৌধুরী (বীর বিক্রম)
- লে. এ এম রাশেদ চৌধুরী (বীর প্রতীক)
- নায়েক সুবেদার মোসলেম উদ্দিন খান (বীর প্রতীক)।

অর্থাৎ, স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বর্তমানে ৬৭২ জনের খেতাব বহাল রয়েছে।

এর মধ্য,
- বীরশ্রেষ্ঠ : ৭জন
- বীর উত্তম: ৬৭ জন
- বীরবিক্রম : ১৭৪ জন
- বীরপ্রতীক : ৪২৪ জন

(তথ্যসূত্র: বাংলাপিডিয়া এবং প্রথম আলো)

৭৭) বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে?

ক) ক্যাপ্টেন সেতারা বেগম খ) বেগম রাজিয়া বানু
গ) বেগম মতিয়া চৌধুরী ঘ) বেগম সুফিয়া কামাল

সঠিক উত্তরঃ খ) বেগম রাজিয়া বানু

- ১৯৭২ সালের ১১ এপ্রিল বাংলাদেশের সংবিধান প্রণয়নের লক্ষ্যে ৩৪ সদস্যবিশিষ্ট সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়।

এই কমিটির,
- সভাপতি : তৎকালীন আইনমন্ত্রী ড. কামাল হোসেন
- একমাত্র মহিলা সদস্য : বেগম রাজিয়া বানু
- একমাত্র বিরোধীদলীয় সদস্য : সুরঞ্জিত সেনগুপ্ত (ন্যাপ-মোজাফফর)।
- একমাত্র ডাক্তার সদস্য : ডাঃ ক্ষিতিশ চন্দ্র মণ্ডল।

(তথ্যসূত্রঃ বাংলাদেশের সংবিধান : আরিফ খান)

৭৮) বাংলাদেশের বৃহত্তম উপজেলা কোনটি?

ক) শ্যামনগর খ) ঘাটাইল
গ) সাভার ঘ) বরকল

সঠিক উত্তরঃ ক) শ্যামনগর

বিভিন্ন সরকারি ওয়েবসাইটে বাগাইছড়ি ও শ্যামনগর উভয়কে বাংলাদেশের সর্ববৃহৎ উপজেলা হিসেবে দেখানো হয়েছে।

রাঙামাটি জেলা ওয়েবসাইটের তথ্যানুসারে,
- বাঘাইছড়ি উপজেলা বাংলাদেশের পূর্ব দক্ষিণাংশের সর্ব উত্তরে সীমান্তবর্তী একটি উপজেলা।
- রাঙামাটি জেলা সদর হতে এর দূরত্ব ১৪৬কি.মি.।
- এটি আয়তনের দিক থেকে বাংলাদেশের সর্ববৃহৎ উপজেলা, যার আয়তন ৭০৩ বর্গমাইল।
- এ উপজেলার উত্তরে ভারতের ত্রিপুরা রাজ্য, পূর্বে মিজোরাম রাজ্য, পশ্চিমে খাগড়াছড়ির দীঘিনালা উপজেলা, দক্ষিণে রাঙ্গামাটির লংগদু উপজেলা।

অপরদিকে, সাতক্ষীরা জেলা ওয়েবসাইটের তথ্যানুসারে,
- শ্যামনগর উপজেলাটি বঙ্গোপসাগর তীরবর্তী সুন্দরবন সংলগ্ন সাতক্ষীরা জেলার অধীন একটি উপজেলা।
- এর আয়তন ৪৮৩.১১ বর্গ কিঃমিঃ বা ১৮৬.৫২ বর্গমাইল (সুন্দরবন সহ ১৯৬৮.২৪ বর্গ কিঃমিঃ বা ৭৫৯.৯৪ বর্গ মাইল )।
- আবার সুন্দরবনকে যুক্ত করলে শ্যামনগর উপজেলাটি ১৯৬৮.২৪ বর্গ কিলোমিটার আয়তন বিশিষ্ট, যার মূল ভূখন্ড ৪৮৩.১১ বর্গ কিলোমিটার এবং সুন্দরবন ১৪৮৫.১৩ বর্গ কিলোমিটার।

অর্থাৎ, মূল ভূখণ্ডের ভিত্তিতে বাঘাইছড়ি হলো সর্ববৃহৎ উপজেলা। অপশনে যদি বাঘাইছড়ি ও শ্যামনগর থাকে, তবে সঠিক উত্তর হবে বাঘাইছড়ি। আর যদি অপশনে শুধু শ্যামনগর থাকে, তবে সঠিক উত্তর হবে শ্যামনগর।

উৎস: রাঙামাটি জেলা ওয়েবসাইট, সাতক্ষীরা জেলা ওয়েবসাইট

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

৭৯) 'মনপুরা-৭০' কী?

ক) একটি উপজেলা    খ) একটি নদী বন্দর
গ) একটি উপন্যাস    ঘ) একটি চিত্রশিল্প

সঠিক উত্তরঃ ঘ) একটি চিত্রশিল্প

- 'মনপুরা-৭০' হলো শিল্পাচার্য জয়নুল আবেদিনের একটি বিখ্যাত চিত্রকর্ম।

তার অন্যান্য চিত্রকর্মের মধ্যে রয়েছে:

- ম্যাডোনা-৪৩, সংগ্রাম, মইটানা, পইন্যার মা, নবান্ন, দুর্ভিক্ষ, দ্য রেবেল ক্রো প্রভৃতি।

(তথ্যসূত্র: বাংলাপিডিয়া)

৮০) বাংলাদেশের সংবিধান কতটি ভাষায় রচিত?

ক) একটি    খ) দুইটি
গ) তিনটি    ঘ) চারটি

সঠিক উত্তরঃ খ) দুইটি

বাংলাদেশের সংবিধান ২টি ভাষায় রচিত (বাংলা ও ইংরেজি)

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানে মোট ১৫৩ অনুচ্ছেদ রয়েছে ।
- সংবিধান হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন ।
- বাংলাদেশ সংবিধান দুষ্পরিবর্তনীয়।
- এতে ১১ টি ভাগ বা অধ্যায় রয়েছে।
- বাংলাদেশের সংবিধান প্রস্তাবনা দিয়ে শুরু এবং সাতটি তফসিল দিয়ে শেষ হয়েছে।

উৎস: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

৮১) বাংলাদেশের কোন জেলা দুই দেশের সীমান্ত দ্বারা বেষ্টিত?

ক) খাগড়াছড়ি    খ) বান্দরবান
গ) রাঙামাটি    ঘ) কুমিল্লা

সঠিক উত্তরঃ গ) রাঙামাটি

- বাংলাদেশের সীমান্তবর্তী জেলা মোট ৩২টি। তার মধ্যে -
- ভারতের সাথে ৩০টি জেলার এবং
- মিয়ানমারের সাথে ৩টি (কক্সবাজার, রাঙ্গামাটি ও বান্দরবান) জেলার সীমান্ত রয়েছে।
- রাঙ্গামাটি একমাত্র জেলা যার সাথে ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্ত রয়েছে।

তথ্যসূত্র:- জাতীয় তথ্য বাতায়ন।

৮২) বাংলার প্রাচীন স্থান মহাস্থানগড় এর অবস্থান কোথায় ছিল?

ক) মুন্সিগঞ্জে    খ) কুমিল্লায়
গ) বগুড়ায়    ঘ) ফরিদপুরে

সঠিক উত্তরঃ গ) বগুড়ায়

বাংলার প্রাচীন জনপদগুলোর মধ্যে পুন্ড্রবর্ধন অন্যতম।

- এ জনপেদর রাজধানী ছিলো বর্তমান বগুড়া জেলায় অবস্থিত পুন্ড্রনগর বা মহাস্থানগড়।
- পরবর্তীতে মৌর্য এবং গুপ্ত শাসনামলেও বাংলার রাজধানী ছিলো পুন্ড্রনগর।
- বাংলার প্রাচীন জনপদগুলোর মধ্যে পুন্ড্রনগর ছিলো সবচেয়ে সমৃদ্ধ এবং এখানে প্রাপ্ত শিলালিপি বাংলাদেশের সবচেয়ে পুরনো বলে স্বীকৃত।

সূত্রঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা, নবম-দশম শ্রেণি।

৮৩) বাংলাদেশে কবে থেকে বয়স্কভাতা চালু হয়?

ক) ১৯৯৬ সাল    খ) ১৯৯৭ সাল
গ) ১৯৯৮ সাল    ঘ) ১৯৯৯ সাল

সঠিক উত্তরঃ গ) ১৯৯৮ সাল

- সামাজিক নিরাপত্তা কর্মসূচির অংশ হিসেবে সমাজসেবা অধিদফতরের অধীনে ১৯৯৭-৯৮ অর্থবছরে দেশে প্রথম বয়স্কভাতা প্রদান কর্মসূচি চালু হয়।
- শুরুতে এর ভাতা প্রাপ্তদের সংখ্যা ছিলো ৪.০৩ লক্ষ জন এবং ভাতার পরিমাণ ছিলো মাসিক ১০০ টাকা।
- চলতি ২০২১-২০২২ অর্থবছরে এসে বয়স্কভাতা গ্রহণকারীর সংখ্যা দাড়িয়েছে ৫৭ লক্ষ এবং মাসিক ভাতার পরিমাণ ৫০০ টাকা।

**৪.৩.৩ বয়স্কদের জন্য ব্যাপকভিত্তিক পেনশন ব্যবস্থা প্রতিষ্ঠা**

বাংলাদেশে বয়স্ক লোকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ২০১০ সালে দেশের মোট জনসংখ্যার ৬.৮ শতাংশ ছিল ষাটোর্ধ্ব বয়সী এবং ২০২৬ সাল নাগাদ এ সংখ্যা ১০ শতাংশের প্রান্তসীমায় পৌছাবে। এই সীমায় অবস্থানকারী বা এটি অতিক্রমকারী দেশসমূহ সাধারণভাবে বার্ধক্যে উপনীত দেশ হিসেবে পরিগণিত হয়। ২০৫০ সাল নাগাদ ষাটোর্ধ্ব বয়সী মানুষের সংখ্যা হবে মোট জনগোষ্ঠীর ২৩ শতাংশ। তদুপরি, ২০৩০ সালে ৫০ উর্ধ্ব ব্যক্তিরা হবেন মোট জনগোষ্ঠীর ৩২ শতাংশ এবং ২০৫০ সালে নাগাদ যা বেড়ে গিয়ে ৪৬ শতাংশে দাঁড়াবে।

দেখা গেছে, বয়স্ক মানুষদের দেখভাল করার প্রথাগত ব্যবস্থা ভেঙে পড়ছে। এছাড়া বয়স্ক নাগরিকদের অনেককে অভিবাসীদের সন্তানদের দেখাশোনা করার মত বাড়তি দায়িত্ব পালন করতে হচ্ছে। দ্বিতীয় অধ্যায়ে উল্লেখ করা হয়েছে যে, কোনো একটি খানায় একজন বয়স্ক ব্যক্তির উপস্থিতি দারিদ্র্যের একটি উত্তম নির্দেশক। বয়স্ক পুরুষদের তুলনায় বয়স্ক নারীরা বেশি দারিদ্র্যের ঝুঁকিতে থাকেন। নারীদের বেলায় দারিদ্র্য ঝুঁকির হার পুরুষদের চেয়ে ১৫ শতাংশ বেশি। এছাড়া অনেক কর্মজীবী পরিবার তাদের বয়স্ক আত্মীয় স্বজনের দায়িত্বভার বহন করে যার ফলে তাদেরকে সন্তানদের জন্য নির্ধারিত ব্যয়ের পরিমাণ হ্রাস করে বয়স্ক আত্মীয়দের জন্য খরচ করতে হয়। বিশেষ করে দরিদ্র পরিবারগুলোর জন্য এ সমস্যা প্রকট।

কোনো সমাজকে মূল্যায়ন করার একটি ভাল উপায় হলো সে সমাজের বয়স্ক নাগরিক পরিষেবার মান যাচাই করা। বাংলাদেশের সংবিধানে বয়স্কদের সামাজিক নিরাপত্তার অধিকার নিশ্চিত করা হয়েছে। সব নাগরিককে শেষ বয়সে বঞ্চনা-দুর্দশা থেকে রক্ষা করার নিশ্চয়তা প্রদান করা জরুরি। বয়স্ক নাগরিকদের জন্য আত্মমর্যাদা, আত্মসম্মান ও আত্মপরিচয় নিয়ে বেঁচে থাকার নিশ্চয়তা প্রদান করা বাংলাদেশ সরকারের একটি নিঃশর্ত অগ্রাধিকার।

বিষয়টি মনে রেখেই বয়স্ক নাগরিকদের জন্য একটি জাতীয় নীতি পাশ করা হয়েছে। ১৯৯৮ সালে বয়স্ক ভাতা কর্মসূচি চালু হয়। এ কর্মসূচির আওতায় ৬৩ বছর উর্ধ্ব নারী ও ৬৫ বছর উর্ধ্ব পুরুষদের মাসে ৩০০ টাকা করে প্রদান করা হয়। বর্তমানে প্রায় ২.৫ মিলিয়ন বয়স্ক নারী-পুরুষ এ ভাতা পাচ্ছেন যদিও তাদের এক-তৃতীয়াংশের বয়স নির্ধারিত সীমার নীচে। এর মানে অনেক যোগ্য বয়স্ক নাগরিক বাদ পড়ে যাচ্ছে। সরকার মুক্তিযোদ্ধাদের জন্য ভাতা প্রদান করে। আবার বিধবা ভাতা গ্রহীতাদের অনেকেই বয়োবৃদ্ধ। এছাড়া সরকার প্রায় ৪ লাখ অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীকে অবসরকালীন পেনশন প্রদান করে।

দেখা গেছে, এসব কর্মসূচি বিদ্যমান থাকা সত্ত্বেও সংখ্যাগরিষ্ঠ বয়স্ক নাগরিক (প্রায় ৭০ শতাংশ) কোনো ধরনের আয় নিরাপত্তামূলক কর্মসূচিতে যুক্ত নন। তাছাড়া, মাসে মাত্র ৩০০ টাকা বরাদ্দ বয়স্কদের আয় নিরাপত্তা প্রদানে খুবই সামান্য। বস্তুত বাংলাদেশে বয়স্ক ভাতা হিসেবে যে পরিমাণ অর্থ দেয়া হয় তা মাথাপিছু জিডিপির শতাংশ হিসেবে বিশ্বে সর্বনিম্ন।

সুতরাং, আলোচ্য কৌশলপত্রে একটি ব্যাপকভিত্তিক সমন্বিত পেনশন ব্যবস্থা গড়ে তোলার প্রস্তাব করা হয়েছে যা দরিদ্র ও ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠীভুক্ত বয়স্ক নাগরিকদের রাষ্ট্রের পক্ষ থেকে ন্যূনতম আয়ের নিশ্চয়তা প্রদান করবে এবং একই সঙ্গে কর্মোপযোগী পরিবারসমূহের জন্য অংশগ্রহণমূলক পেনশন ব্যবস্থা প্রতিষ্ঠা করবে যার ফলে তারা বৃদ্ধবয়সে অধিক পরিমাণে অবসরভাতা পেতে পারে। অংশগ্রহণমূলক পেনশন ব্যবস্থার মাধ্যমে একটি বড় তহবিল গঠিত হবে যা ব্যবসা-উদ্যোগে বিনিয়োগের পাশাপাশি জাতিগঠনমূলক কাজেও লাগানো যেতে পারে।

তথ্যসূত্র: বাজেট বক্তৃতা : ২০২১-২০২২ অর্থবছর, সমাজসেবা অধিদপ্তর ওয়েবসাইট এবং জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল: বাংলাদেশ, জুলাই ২০১৫।

৮৪) নদী ছাড়া 'মহানন্দা' কী?

ক) তরমুজ    খ) সরিষা
গ) আম    ঘ) কলা

সঠিক উত্তরঃ গ) আম

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- মহানন্দা হলো আমের একটি জাত।
আমের অন্যান্য জাতের মধ্যে রয়েছে:
- ল্যাংড়া, ফজলি, হাড়িভাঙ্গা, আম্রপালি, গোপালভোগ, লক্ষ্মণভোগ, সুরমা, সূর্যপুরী, হিমসাগর, মোহনভোগ প্রভৃতি।
(তথ্যসূত্র: কৃষি তথ্য সার্ভিস ওয়েবসাইট)

৮৫) বাংলাদেশে প্রথম ইপিজেড কোথায় স্থাপিত হয়?
ক) সাভার খ) চট্টগ্রাম
গ) মংলা ঘ) গাজীপুর
সঠিক উত্তরঃ খ) চট্টগ্রাম
- বাংলাদেশের মোট ইপিজেডের সংখ্যা ৯।
- সরকারি ইপিজেড ৮টি এবং বেসরকারি ১টি।
- বাংলাদেশের প্রথম ইপিজেড হচ্ছে চট্টগ্রাম ইপিজেড।
- ১৯৮৩ সালে এটি যাত্রা শুরু করে।
- বাংলাদেশের দ্বিতীয় ইপিজেড ঢাকা ইপিজেড, ঢাকার সাভারে এর অবস্থান।
- বাংলাদেশের একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড উত্তরা ইপিজেড। এটি নীলফামারীতে অবস্থিত।
- মংলা ইপিজেড বাগেরহাট জেলায় অবস্থিত।
- আদমজী ইপিজেড নারায়ণগঞ্জে অবস্থিত।
- কর্ণফুলী ইপিজেডের অবস্থান পতেঙ্গা, চট্টগ্রাম।
উৎস: বেজা ওয়েবসাইট

৮৬) বাংলাদেশ ওয়ানডে ক্রিকেটের শততম ম্যাচে কোন দেশকে পরাজিত করে?
ক) পাকিস্তান খ) ভারত
গ) জিম্বাবুয়ে ঘ) নিউজিল্যান্ড
সঠিক উত্তরঃ খ) ভারত
- ২০০৪ সালের ডিসেম্বরে ভারতের বিপক্ষে ওই ম্যাচে হাবিবুল বাশার সুমনের নেতৃত্বে ১০০তম ওয়ানডে ম্যাচ খেলে বাংলাদেশ দল।
- বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সেই ম্যাচে প্রথমে ব্যাট করে ২২৯ রান সংগ্রহ করে সৌরভ গাঙ্গুলীর ভারতের বিপক্ষে ১৫ রানে জয় পায় স্বাগতিকরা। ভারতের বিপক্ষে বাংলাদেশের প্রথম জয়।
- ১৯৯৮ সালে ভারতের হায়দ্রাবাদে কেনিয়ার বিপক্ষে পাওয়া বাংলাদেশের প্রথম ওয়ানডে জয়ে অধিনায়ক ছিলেন আকরাম খান।
- ৫০তম জয়টা এসেছে সাকিব আল হাসানের নেতৃত্বে ২০০৯ সালে জিম্বাবুয়ের বিপক্ষে বুলাওয়েতে।
- ২০১৭ সালের ১৫ থেকে ১৯ মার্চ শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিত বাংলাদেশ-শ্রীলংকার টেস্ট ক্রিকেট ম্যাচটি ছিল বাংলাদেশ দলের ১০০তম টেস্ট ম্যাচ। এই ম্যাচে বাংলাদেশ দল শ্রীলংকাকে চার উইকেটে পরাজিত করে।
উৎস: প্রথম আলো, যুগান্তর

৮৭) মূল্য সংযোজন কর একটি-
ক) প্রত্যক্ষ কর খ) পরোক্ষ কর
গ) পরিপূরক কর ঘ) সমপূরক কর
সঠিক উত্তরঃ খ) পরোক্ষ কর
- মূল্য সংযোজন কর বা Value Added Tax (VAT) হলো এক প্রকার পরোক্ষ কর।
- মূল্য সংযোজন কর (মূসক) হচ্ছে কোন পণ্য বা সেবার ক্ষেত্রে তার উৎপাদন ও বণ্টনের প্রতিটি পর্যায় শেষে সংযোজিত মূল্যের ওপর শতকরা হারের কর।
- বাংলাদেশে ১৯৯১-১৯৯২ অর্থবছরে অর্থাৎ ১৯৯১ সালের ১ জুলাই থেকে ভ্যাট চালু হয়।
- এখান থেকেই বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়।
- ২০১২ সালে এটি সংশোধন করে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ পাশ হয় যা ১ জুলাই ২০১৯ থেকে কার্যকর হয়।
তথ্যসূত্র: জাতীয় রাজস্ব বোর্ড ওয়েবসাইট।

৮৮) 'কারাগারের রোজনমচা' গ্রন্থটির লেখক কে?
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান খ) মাওলানা ভাসানী
গ) জাহানারা ইমাম ঘ) ড. কামাল হোসেন
সঠিক উত্তরঃ ক) বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান
- কারাগারের রোজনামচা হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত দ্বিতীয় আত্মজীবনীমূলক গ্রন্থ।
- বাংলা একাডেমি ২০১৭ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিনে বইটি প্রকাশ করে।
- এটির ভূমিকা লেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- ১৯৬৬ থেকে ১৯৬৮ সাল পর্যন্ত বঙ্গবন্ধু কারান্তরীন থাকালীকান তার জেল জীবনের ডায়েরিকে 'কারাগারের রোজনামচা' নামে বই আকারে প্রকাশ করা হয়।
১৯৬৬ সালে ৬ দফা দেবার পর বাঙালি জাতির অবিসংবাদিত নেতা গ্রেফতার হন । ১৯৬৬ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত বন্দি থাকেন। সেই সময়ে কারাগারে প্রতিদিনের ডায়েরি লেখা শুরু করেন। ১৯৬৮ সাল পর্যন্ত লেখাগুলি এই বইয়ে প্রকাশ করা হয়েছে।বইটির ইংরেজি অনুবাদ করেন অধ্যাপক ড. ফকরুল আলম।
(তথ্যসূত্র: কারাগারের রোজনামচা)

৮৯) বিশ্বব্যাংক থেকে সদস্যপদ প্রত্যাহারকারী দেশ কোনটি?
ক) কিউবা খ) ফিলিস্তিন
গ) ইরান ঘ) চীন
সঠিক উত্তরঃ ক) কিউবা
১৯৬০ সালে বিশ্বব্যাংক থেকে সদস্যপদ প্রত্যাহার করে কিউবা।
এক নজরে বিশ্বব্যাংক:
- প্রতিষ্ঠাকাল - গঠনের সিদ্ধান্ত - ৪ জুলাই, ১৯৪৪ সাল
- আনুষ্ঠানিক প্রতিষ্ঠা - ২৭ ডিসেম্বর, ১৯৪৫ সাল

- কার্যক্রম শুরু - জুন, ১৯৪৬ সাল
- প্রতিষ্ঠার স্থান - নিউ হ্যাম্পশায়ার, যুক্তরাষ্ট্র
- সদস্য সংখ্যা - ১৮৯টি দেশ

(সর্বশেষ সদস্য - নাউরু; ১২ এপ্রিল, ২০১৬ সাল)

- প্রতিষ্ঠাকালীন সদস্য - ২৬টি
- প্রতিষ্ঠাকালীন সম্মেলন - Bretton Woods Conference
- সদরদপ্তর - ওয়াশিংটন ডি. সি, যুক্তরাষ্ট্র

উৎস: বিশ্বব্যাংক ও যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের ওয়েবসাইট।

৯০) তুরস্কের মুদ্রার নাম কী?

ক) দিনার খ) দিরহাম
গ) ডলার ঘ) লিরা

সঠিক উত্তরঃ ঘ) লিরা

- তুরস্কের মুদ্রার নাম হলো লিরা।

রিয়াল যেসব দেশের মুদ্রা:

- কাতার, সৌদি আরব, ওমান, ইয়েমেন, ইরান

পাউন্ড যেসব দেশের মুদ্রা:

- মিশর, সিরিয়া, লেবানন, যুক্তরাজ্য (পাউন্ড স্টার্লিং)

দিরহাম যেসব দেশের মুদ্রা:

- সংযুক্ত আরব আমিরাত, মরক্কো

দিনার যেসব দেশের মুদ্রা:

- ইরাক, কুয়েত, জর্ডান, বাহরাইন, আলজেরিয়া ও, তিউনেশিয়া

(সূত্র: ব্রিটানিকা)

৯১) বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ হচ্ছে-

ক) সৌদি আরব খ) কুয়েত
গ) ইরাক ঘ) বাহরাইন

সঠিক উত্তরঃ গ) ইরাক

- ইরাক প্রথম আরব দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৮ জুলাই ১৯৭২ সালে।
- এটি মধ্যপ্রাচ্যের স্বীকৃতিদানকারী প্রথম দেশ ছিল।
- অন্যদিকে ইরান ও কাতার বাংলাদেশকে স্বীকৃতি দেয় যথাক্রমে ১৯৭৪ সালের ২২ ফেব্রুয়ারি ও ৪ মার্চ।
- সৌদি আরব স্বীকৃতি দেয় ১৯৭৫ সালের ১৬ আগস্টউৎসঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট।

৯২) বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি?

ক) পিপীলিকা খ) দোয়েল
গ) পদ্মা ঘ) অনুসন্ধান

সঠিক উত্তরঃ ক) পিপীলিকা

বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন এর নাম হচ্ছে পিপীলিকা।

- পিপীলিকা ডটকম (www.pipilika.com) নামের সার্চ ইঞ্জিনটি চালু হয় ২০১৩ সালে।
- বাংলাদেশের আরেকটি সার্চ ইঞ্জিনের নাম হচ্ছে 'চরকি'।
- পিপীলিকা সার্চ ইঞ্জিনটি সবার জন্যই উন্মুক্ত।
- বর্তমানে বিশ্বের জনপ্রিয় সার্চ ইঞ্জিনটির নাম হচ্ছে গুগল।
- সার্চ ইঞ্জিন হচ্ছে এমন এক ধরনের টুল যার সাহায্যে ইন্টারনেটে থাকা অনেক ধরনের তথ্য থেকে সহজেই যেকোনো তথ্য খুঁজে বের করা যায়।
- সার্চ ইঞ্জিনে সার্চ দিয়ে আমরা বিভিন্ন তথ্য জানতে পারি।

সূত্র- প্রথম আলো পত্রিকা।

৯৩) নিউজিল্যান্ডের আদিবাসী কারা?

ক) টোডা খ) আফ্রিদি
গ) জুলু ঘ) মাউরি

সঠিক উত্তরঃ ঘ) মাউরি

- নিউজিল্যান্ডের আদিবাসীদের বলা হয় মাউরি।
- জুলু উপজাতি বাস করে দক্ষিণ আফ্রিকায়।
- ভারতের কর্ণাটক রাজ্যের একটি উপজাতি টোডা।

উৎসঃ সংশ্লিষ্ট দেশের ওয়েবসাইট।

৯৪) বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কোন তারিখে?

ক) ৫ জানুয়ারি খ) ৮ মার্চ
গ) ৫ জুন ঘ) ১০ ডিসেম্বর

সঠিক উত্তরঃ গ) ৫ জুন

- ৫ জুন : বিশ্ব পরিবেশ দিবস
- ৮ মার্চ : বিশ্ব নারী দিবস
- ১০ ডিসেম্বর : বিশ্ব মানবাধিকার দিবস।

(সূত্র: জাতিসংঘ ওয়েবসাইট)

৯৫) জাতিসংঘের কততম অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বাংলায় ভাষণ দিয়েছিলেন?

ক) ১৯ তম খ) ২৯ তম
গ) ৩৬ তম ঘ) ৩৯ তম

সঠিক উত্তরঃ খ) ২৯ তম

- বাংলাদেশ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ১৩৬তম সদস্য হিসেবে জাতিসংঘের সদস্যপদ লাভ করেন।
- একই বছরের ২৫ সেপ্টেম্বর সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম ব্যক্তি হিসেবে বাংলায় ভাষণ প্রদান করেন।
- বঙ্গবন্ধু জাতিসংঘের কেবল ২৯তম অধিবেশনেই অংশগ্রহণ করেন।

(তথ্যসূত্রঃ বাংলাপিডিয়া)

৯৬) উরুগুয়ে রাউন্ড কোন সংস্থাটির সাথে জড়িত?

ক) IMF খ) WTO
গ) NATO ঘ) OIC

সঠিক উত্তরঃ খ) WTO

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322

- ১৯৪৭ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত GATT চুক্তির দুর্বলতা ও সমস্যা সমাধানের জন্য মোট ৭টি রাউন্ড সম্পন্ন হয়।
যেমন -
- Kennedy Round (১৯৬৪ - ৬৭),
- Tokyo Round (১৯৭৩ - ৭৯) ইত্যাদি।
এগুলোর মধ্যে সবচেয়ে গুরত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ রাউন্ড হচ্ছে :
- Uruguay Round (১৯৮৬ - ৯৪)।
১৫ এপ্রিল, ১৯৯৪ সালে উরুগুয়ে রাউন্ডের সমাপ্তির সময়ে GATT চুক্তি সংশোধনের মাধ্যমে নতুন আন্তর্জাতিক বাণিজ্য সংগঠন গঠনের সিদ্ধান্ত হয় এবং যার ফলে ১৯৯৫ সালে জন্ম হয় World Trade Organization (WTO) - এর।
উৎস: WTO ওয়েবসাইট।

৯৭) যুক্তরাষ্ট্রের সরকার ব্যবস্থা কিরূপ?
ক) রাষ্ট্রপতি শাসিত খ) সাংবিধানিক রাজতন্ত্র
গ) সংসদীয় সরকার ঘ) রাজতন্ত্র
সঠিক উত্তরঃ ক) রাষ্ট্রপতি শাসিত
- যুক্তরাষ্ট্রের সরকার ব্যবস্থা রাষ্ট্রপতি শাসিত।
- জর্জ ওয়াশিংটন (ফেব্রুয়ারি ২২, ১৭৩২ – ডিসেম্বর ১৪, ১৭৯৯) মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম রাষ্ট্রপতি।
- হোয়াইট হাউস মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন।
- এটি ওয়াশিংটন ডি. সির পেনসিলভানিয়া এভিনিউয়ে অবস্থিত।
তথ্যসূত্র: ব্রিটানিকা এবং যুক্তরাষ্ট্রের সরকারী ওয়েবসাইট।

৯৮) SMOG হচ্ছে-
ক) সিগারেটের ধোঁয়া খ) কুয়াশা
গ) কালধোঁয়া ঘ) দূষিত বাতাস
সঠিক উত্তরঃ ঘ) দূষিত বাতাস
SMOG হচ্ছে এক ধরণের দূষিত বাতাস।
- ধোঁয়া ও কুয়াশা মিলে SMOG সৃষ্টি হয়।
- 'SMOG' শব্দটি SMOKE ও FOG শব্দ দুটো থেকে এসেছে।
- মোটরগাড়ি, কলকারখানার ধোঁয়া, কলকারখানার বর্জ্য, ধূলিকণা ইত্যাদি মিলে SMOG সৃষ্টি হয়।
- SMOG অবস্থায় বেশিক্ষণ বিরাজ করলে ফুসফুসে সমস্যা দেখা দেয়।
- এই ধোঁয়ায় অবস্থিত বিভিন্ন গ্যাস বৃষ্টির পানির সাথে মিশে এসিড বৃষ্টি ঘটায় এবং মাটির অম্লত্ব বৃদ্ধি করে। মাটির অম্লত্ব বৃদ্ধি পেলে তাতে উদ্ভিদ সহজে জন্মে না।
- SMOG শ্বাস-প্রশ্বাসের সাথে ফুসফুসে প্রবেশ করে এবং মানবদেহে ক্যান্সার, হাঁপানি, ব্রঙ্কাইটিস প্রভৃতি মারাত্মক রোগ সৃষ্টি করে।
সূত্র- National Geographic Society [লিঙ্ক]

৯৯) ভূকম্পনের তীব্রতা মাপার যন্ত্রের নাম কী?
ক) ব্যারোমিটার খ) ফ্যাদোমিটার
গ) সিসমোগ্রাফ ঘ) কম্পাস
সঠিক উত্তরঃ গ) সিসমোগ্রাফ
ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র - সিসমোগ্রাফ,
ভূমিকম্পের তীব্রতা মাপার যন্ত্র - রিখটার স্কেল,
বায়ুমণ্ডলীয় চাপ নির্ণায়ক যন্ত্র - ব্যারোমিটার,
সমুদ্রের গভীরতা মাপক যন্ত্রের নাম - ফ্যাদোমিটার
উল্লেখ্য,
- রিকটার স্কেল ও সিসমোগ্রাফ দুটাই ভূমিকম্পের ক্ষেত্রে ব্যবহার করা হয়।
- সিসমোগ্রাফ ভূপৃষ্ঠের আন্দোলন পরিমাপনের এবং ভূমিকম্পের উৎস খুঁজে বের করার যন্ত্র। এর সাহায্যে অন্যান্য বিস্ফোরণ, প্রচণ্ড ঝড় ইত্যাদির খোঁজ পাওয়া যায়। এছাড়া মেরু অঞ্চলের বরফের গভীরতা, খনিজ তেল ভাণ্ডার ইত্যাদিও এর সাহায্যে বের করা সম্ভব।
- অপরদিকে, ভূমিকম্পের তীব্রতা মাপা হয় রিকটার স্কেলের মাধ্যমে।
তথ্যসূত্র: ব্রিটানিকা

১০০) রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?
ক) খাদ্য পরিবহন করা খ) হরমোন বহন করা
গ) রক্ত জমাট বাঁধতে সাহায্য করা ঘ) অক্সিজেন পরিবহন করা
সঠিক উত্তরঃ ঘ) অক্সিজেন পরিবহন করা
রক্তে হিমোগ্লোবিন অক্সিজেন পরিবহণে সাহায্য করে।
- হিমোগ্লোবিনের প্রধান কাজ ফুসফুস থেকে অক্সিজেন নিয়ে তা শরীরের বিভিন্ন কোষে ছড়িয়ে দেয়া।
- এর ফলে জীবিত কোষগুলো ভালোভাবে কাজ করতে পারে।
- এছাড়া হিমোগ্লোবিন কোষ থেকে কার্বন ডাই-অক্সাইড বের করে দেয়।
- হিমোগ্লোবিন বর্ণহীন রক্তকে লাল করে থাকে।
সূত্র- National Library of Medicine Website [লিঙ্ক]

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store livemcq.com 01701377322